ISSN: 2249-4332

OPEN EYES

Indian Journal of Social Science, Literature, Commerce & Allied Areas

Volume 20, No. 1, June 2023

S R Lahiri Mahavidyalaya
University of Kalyani
West Bengal

OPEN EYES

Indian Journal of Social Science, Literature, Commerce & Allied Areas

Volume 20, No. 1, June 2023

'Open Eyes : Indian Journal of Social Science, Literature, Commerce & Allied Areas' is a bilingual multidisciplinary peer reviewed journal published biannually in June and December since 2003.

- Official journal of the Sudhiranjan Lahiri Mahavidyalaya, Majdia, University of Kalyani, West Bengal, India.
- Covers key disciplines of Humanities and Social Sciences like Economics, Political Science, Sociology, Demography, Development studies, Literature as well as Commerce & Management.
- Open to original research articles as well as scholarly review papers.
- Strives to bring new research insights into the process of development from an interdisciplinary perspective.
- Prospective authors will have to follow styles mentioned in the 'Journal Guidelines' given in the inner leaf of the back cover page of this journal or in the website.

Advisory & Editorial Board

Professor (Dr.) Tapodhir Bhattacharya, Eminent Author & Ex-Vice Chancelor, Assam University

Professor (Dr.) Barun Kumar Chakroborty, Emeritus Professor, Rabindra Bharati University, Kolkata & Ex. Professor, Department of Folklore, University of Kalyani, West Bengal, India.

Professor (Dr.) Apurba Kumar Chattopadhyay, Department of Economics & Politics, Visva-Bharati (A Central University), West Bengal, India.

Professor (Dr.) Jadab Kumar Das, Department of Commerce, University of Calcutta, Kolkata, India.

Professor (Dr.) Samirranjan Adhikari, Department of Education, Sidho-Kanho-Birsha University, Purulia, West Bengal

Professor (Dr.) Md. Mizanur Rahman, Department of English, Islamic University, Kushtia, Bangladesh.

Professor (Dr.) Biswajit Mohapatra, Department of Political Science, North Eastern Hill University, Shillong, Meghalaya, India.

Professor (Dr.) Paramita Saha, Department of Economics, Tripura University (A Central University), Tripura.

Professor (Dr.) Prasad Serasinghe, Department of Economics, Faculty of Arts, University of Colombo, Sri Lanka.

Editor-in-Chief :

Dr. Dipankar Ghosh

Executive Editors :

Dr. Bhabesh Majumder (bhabesh70@rediffmail.com)

Shubhaiyu Chakraborty (shubhaiyu007@gmail.com)

Contents

দক্ষিণবঙ্গের বাঙালি ও সাঁওতাল জনগোষ্ঠীর সমাজ-সংস্কৃতির সম্পর্কান্বয় : প্রসঙ্গ দ্বিভাষিকতার নিহিত প্রেক্ষিত অন্বেষণ
বিকাশ মুরমু 3

হাংরি জেনারেশন ও বিট্ জেনারেশন আন্দোলনের দুই স্বতন্ত্র নাম
অভিষেক প্রামাণিক 11

রাম নয় সীতার আখ্যান : নবনীতা দেবসেনের দৃষ্টিতে
অগ্নিমিতা শীল 16

শক্তি চট্টোপাধ্যায়ের 'হে প্রেম হে নৈঃশব্দ্য' : কবির প্রেমচেতনার স্বরূপ-সন্ধান
সুব্রত মাহাত 24

The Subjection of Land and Indigenous People : Revisiting Linda Hogan's *Mean Spirit* from the Perspective of Ecocriticism
Bapin Mallick 31

Decoding the Intersection of Race and Gender in Select Works of Buchi Emecheta
Amrita Chattopadhyay 41

Refugee Crisis in West Dinajpur District
Palash Chandra Modak 52

Agrarian Relation and Peasant Class Differentiation : A Study of West Bengal, India
Gouriprasad Nanda 65

The Political Economy of Decentralisation : A Review
Seemantini Chattopadhyay 89

OPEN EYES

দক্ষিণবঙ্গের বাঙালি ও সাঁওতাল জনগোষ্ঠীর সমাজ-সংস্কৃতির সম্পর্কান্বয় : প্রসঙ্গ দ্বিভাষিকতার নিহিত প্রেক্ষিত অন্বেষণ

বিকাশ মুরমু

প্রথমেই ভাষাচার্য সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের ইংরেজি 'কালচার'-এর বাংলা সর্জন 'সংস্কৃতি' সম্পর্কে দেখা যায়, "The training and refinement of mind, tastes and manners the condition of thus being trained and refined. Culture is the intellectual side of civilization." বলা যেতে পারে যে, মানুষের দৈনন্দিন যাপিত জীবনের অর্জিত অভিজ্ঞতা বা চর্যাচর্যের স্বরূপই তার সংস্কৃতি। প্রতিটি মানুষ বা জনগোষ্ঠীই তার নিজস্ব জীবন চেতনানুযায়ী এক-একটি স্ব-সৃষ্ট সংস্কৃতির ধারক-বাহক। কিন্তু ভূগোল, ইতিহাসাদি যখন দুই জনগোষ্ঠীকে একতায় বেঁধে রাখে কালে কালান্তরে তখন উক্ত জনগোষ্ঠীর মধ্যে সাংস্কৃতিক আদানপ্রদানের সূত্র নিহিত থেকে যায়, থেকে যায় ভাষিক সমন্বয়ের ক্ষেত্র। যেমনটা পশ্চিমবঙ্গের দক্ষিণ অংশে বাঙালি ও সাঁওতালি সংস্কৃতির মধ্যে সুলভ। তাদের মধ্যে পারস্পরিক সাংস্কৃতিক আদানপ্রদানের জন্যই ভাষিক সমন্বয়ও ঘটেছে, কেননা ভাষাও সংস্কৃতিরই একটি বিশেষ অঙ্গ। এই ভাষিক সমন্বয়ই দ্বিভাষিকতা সৃষ্টির প্রেক্ষিত, ফলে বাঙালি ও সাঁওতাল এই দুই ভাষিক গোষ্ঠীর মধ্যে পারস্পরিক ভাষায় দ্বিভাষিক হওয়ার প্রবণতাটি নিহিত রয়ে গেছে। আমরা এখানে দ্বিভাষিকতার নিহিত প্রেক্ষিত অনুসন্ধানের ক্ষেত্রে এই সম্পর্কান্বয় প্রদর্শনে প্রয়াসী হব। প্রথমেই আসা যাক দ্বিভাষিকতা সম্পর্কে—

> চার্লস ফার্গুসন ১৯৫৯ সালে 'Diaglossia' বা 'দ্বিবাচনিকতা' প্রসঙ্গটি প্রথম নিয়ে আসছেন, এবং সে সূত্রেই Bilingualism-এর কথা আনছেন। দ্বিভাষিকতা বা 'bilingualism'-এর বিষয় হল একের অধিক ভাষার ব্যবহার। কোনো ব্যক্তি দুটো ভাষা জানতে পারে, তাকে বলা হবে দ্বিভাষিক। আবার কোনো গোষ্ঠী বা জাতিও দ্বিভাষিক হতে পারে। একটি ব্যক্তি বা একটি জাতি (যেমন, দক্ষিণবঙ্গের সাঁওতাল জনগোষ্ঠী) নানা কারণে দ্বিভাষিক হতে পারে। যখন ভৌগোলিকগত কারণে একই অঞ্চলে একটি ভাষী বা ভাষিক গোষ্ঠী দীর্ঘদিন ধরে ভিন্ন ভাষিক গোষ্ঠীর সাথে বসবাস করে তাহলে 'Language speaking pattern'-এ মিশ্ররূপ তৈরি হওয়া উচিত। ভাষার 'Bio-Program'-র তত্ত্ব ধরলে একথা মান্যতা পাওয়া সঙ্গত ও স্বাভাবিক। আবার যখন সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিকভাবে দুটি ভাষিক গোষ্ঠীর একটি ভাষা dominant হয়, তবে ভিন্ন subjugate ভাষাকে ঐ 'dominate' বা 'বড় ভাষা'র আধিপত্য মেনে নিয়ে সেই ভাষীদের দ্বিভাষিক হতেই হয়। যেমন দক্ষিণবঙ্গে বাংলা ভাষা সাঁওতালি ভাষাকে 'dominate' করে রেখেছে। কাজেই এখানে সাঁওতাল জনগোষ্ঠীকে বাংলা ভাষায় দ্বিভাষিক হতেই হয়েছে। কিন্তু এই অঞ্চলেই বাঙালির একাংশ যে সাঁওতালি ভাষায় দ্বিভাষিক, তাও দেখা যায়।

এই দুই ভাষাগোষ্ঠী যে পরস্পর পরস্পরের ভাষায় দ্বিভাষিক হয়েছে তার কারণ অনুসন্ধানে জানা যায় যে, বাঙালি যে জাতিতে আর্য নয়, সে যে অনার্য, তা ভাষাচার্য সুনীতিকুমার চট্টোপাধ্যায় লিখেছেন,

মুরমু, বিকাশ : দক্ষিণবঙ্গের বাঙালি ও সাঁওতাল জনগোষ্ঠীর সমাজ-সংস্কৃতির সম্পর্কান্বয় : প্রসঙ্গ দ্বিভাষিকতার নিহিত প্রেক্ষিত অন্বেষণ
Open Eyes : Indian Journal of Social Science, Literature, Commerce & Allied Areas, Volume 20, No. 1, June 2023, Pages : 3-10, ISSN 2249-4332

> ''বাঙালী জাতিটা যে একটা মিশ্র অনার্য জাতি—মোঙ্গোল কোল মোন্-খমের দ্রাবিড় এই সব মিলে সৃষ্ট খিচুড়ি।''[১]

আবার এই খিচুড়িতে যে গরম-মশলা পড়েছে, এবং সেই গরম-মশলাটুকুতেও ভেজাল আছে বলে জানিয়েছেন ভাষাচার্য। আর এই জাতির ভাষাটি, তাঁর মতে ''অনার্য ভাষার ছাঁচে ঢালা আর্য ভাষা।''

ভাষাচার্য তাঁর O.D.B.L.-এ বিকৃত প্রাচ্য সংস্কৃতি থেকেই যে বাংলা ভাষার উৎপত্তি, তা দেখিয়েছেন। তাহলে এটি বোঝাই যাচ্ছে যে, অনার্যদের দ্বারাই কথ্য ভাষা বাংলার সৃষ্টি হয়েছে, তাই বাংলা মিশ্র অনার্য ভাষা ও বাঙালি জাতিও মিশ্র অনার্য জাতি। এই অনার্য গোষ্ঠীগুলির মধ্যে অস্ট্রিক বর্গে সাঁওতালি প্রভৃতি ভাষা আছে। কাজেই অনার্য সাঁওতাল ইত্যাদি গোষ্ঠীর অনার্যত্বের সঙ্গে বাঙালির অনার্যত্বের মিল ও পারস্পরিক গ্রহণ-বর্জনের জন্যই উভয় জাতির সাংস্কৃতিক নানান আদানপ্রদান বিষয়গুলি গড়ে উঠেছে। এখানে তার কতকগুলি দিক আলোচনা করা গেল—

প্রথমেই ভৌগোলিক ইতিহাসের বিষয়ে আসা যাক। প্রখ্যাত ঐতিহাসিক নীহাররঞ্জন রায় মহাশয় তাঁর 'বাঙালির ইতিহাস আদিপর্ব' গ্রন্থে বাংলার যে ভৌগোলিক সীমা দেখিয়েছেন বর্তমানে তা পরিবর্তন হলেও আসলে যে এই সকল অঞ্চল সাঁওতাল ইত্যাদি অনার্যদেরই বসবাস, তা বলাবাহুল্য। কারণ, বাংলার প্রাচীন জনপদগুলির যে নাম তিনি উল্লেখ করেছেন, যথা 'বঙ্গাঃ', 'রাঢ়াঃ', 'পুণ্ড্রাঃ' ইত্যাদি, সেই 'বঙ্গাঃ', 'রাঢ়াঃ', 'পুণ্ড্রাঃ' ইত্যাদি শব্দগুলি সাঁওতালি ভাষাজাত এবং এই শব্দগুলিই তাদের গোষ্ঠী বা কৌম জীবনের নিদর্শন। কাজেই যা বাংলার সীমানা, তা সাঁওতাল প্রভৃতি অনার্য গোষ্ঠীর বসবাসের ঠিকানা। তাহলে দীর্ঘদিন ধরে দুটি ভাষাগোষ্ঠী একই ভৌগোলিক পরিসীমায় একই প্রাকৃতিক নির্বাচনের মাধ্যমে জীবন কাটাতে গিয়ে তাদের মধ্যে গড়ে উঠেছে সাংস্কৃতিক সমন্বয়, ভাষিক সমন্বয় ও তাদের পারস্পরিক 'Language speaking pattern'-এ মিশ্ররূপ, এগুলিই উভয় গোষ্ঠীর মধ্যে নিহিত দ্বিভাষিকতার প্রেক্ষিত।

সুতরাং একই ভৌগোলিক ভূ-খণ্ডে একই ভূ-প্রকৃতিতে দুই ভাষিক গোষ্ঠী বাঙালি আর সাঁওতাল দীর্ঘদিন ধরে বসবাস করার ফলে স্বাভাবিক নিয়মেই উভয়ের বেশ কতকগুলো সাংস্কৃতিক বিষয়ে আন্তঃসম্পর্কগুলি গড়ে উঠেছে। সেগুলি হল,

(ক) সৃষ্টিতত্ত্বের ভাবনা ঃ মিথ অনুযায়ী

সাঁওতালি পুরাণ ও হিন্দু পুরাণ উভয় পুরাণেই বলা হয়েছে, পৃথিবী প্রথমে জলমগ্নই ছিল; দুই, দুই জাতির পুরাণেই ডিম থেকে সৃষ্টির কথা আছে; তিন, জল থেকে মাটি তুলে স্থলভাগ সৃষ্টির কথা উভয় জাতের পুরাণেই আছে; চার, কোনো কোনো শাস্ত্রে সৃষ্টিতত্ত্বের ব্যাখ্যায় স্বর্গীয় অশ্বের কথা উল্লেখ আছে। উচ্চৈঃশ্রবা নামে স্বর্গের ঘোড়া দেবরাজ ইন্দ্রের বাহন বলে কথিত। সাঁওতালি পুরাণেও সৃষ্টিতত্ত্বে 'সিঞ্ সাদম' নামে ঘোড়াকে উচ্চৈঃশ্রবার সমতুল্য বলে গণ্য করা হয়। তবে বাঙালি হিন্দুরা যে সৃষ্টিতত্ত্বে সাঁওতালি পুরাণ দ্বারা ভীষণভাবে প্রভাবিত তার প্রমাণ পাওয়া যায় সৃষ্টিতত্ত্বে 'ডিম' বা 'পক্ষী টোটেম' ব্যবহৃত হওয়ার জন্য। কারণ বাঙালির ধর্মীয় জীবনে যে বহু দেবদেবীর বাহন হিসাবে ঐ পক্ষী ব্যবহৃত হয়, তার প্রমাণ পাওয়া যায়। আর এই পক্ষীই যে সাঁওতালদের টোটেম তা তাদের পুরাণেই উল্লেখিত। নৃ-ভাষাচার্য সুনীতিকুমার চট্টোপাধ্যায় মন্তব্য করেছেন,

> ''বিশ্বসৃষ্টি সম্বন্ধে কতকগুলি ধারণা দাক্ষিণদের নিকট হইতে-ই হিন্দু পুরাণে গৃহীত হইয়াছিল। বিশ্বপ্রপঞ্চকে অণ্ডবৎ (''ব্রহ্মাণ্ড''-রূপে) কল্পনা, এবং মৎস কূর্ম বরাহ প্রভৃতি অবতারের কল্পনা, মূলতঃ ইহাদের-ই বলিয়া মনে হয়।''[২]

বলাবাহুল্য, এখানে 'দাক্ষিণদের' বলতে সুনীতিবাবু সাঁওতাল প্রভৃতি কোল জাতিকেই বলেছেন। আর্য-ব্রাহ্মণ্য 'পালিশ' পড়ায় এই বিষয়গুলি ধরা না গেলেও সুনীতিবাবুর মতই সত্য।

(খ) সামাজিক সংগঠনের মূল্যায়ন

সাঁওতাল জনসমাজকে বলা হয়ে থাকে মৌচাকের মত গোষ্ঠীবদ্ধ। এই সমাজের গঠনটি ছিল দু'ধরণের, যথা—রাজনৈতিক শ্রেণিবিন্যাস ও সাংস্কৃতিক শ্রেণিবিন্যাস। রাজনৈতিক শ্রেণিবিন্যাসে দেখা যায়, গ্রাম শাসনের সর্বোচ্চপদে যিনি ছিলেন তাকে বলা হয় 'মাঝি'। ইনি হলেন 'Supreme'। এর মাধ্যমেই নতুন গ্রাম প্রতিষ্ঠা হয়, সমাজের সমস্ত সামাজিক কাজ-কর্ম, আচার-আচরণ, সংস্কার যথা—জন্ম, বিবাহ, বিচার ইত্যাদি মাঝির দ্বারাই নিয়ন্ত্রিত হয়। এছাড়া থাকে 'পারাণিক', 'জগমাঝি', 'জগ-পারাণিক', 'নায়কে', 'কুডাম-নায়কে' ইত্যাদি।

সাংস্কৃতিক শ্রেণিবিন্যাসটি সামাজিক শ্রেণিবিন্যাস-নির্ভর। সাঁওতালদের সমাজে সাংস্কৃতিক শ্রেণিবিন্যাসে লক্ষ করা যেত 'কিস্কু' পদবীর লোকেরা রাপাজ' বা রাজা' নামে পরিচিত হত তাদের আর্থিক অবস্থা ও সামাজিক প্রতিপত্তির জন্য, 'হেমব্রম'রা সমাজের প্রধান (noble man) ও সামাজিক বিচারক রূপে পরিচিত হত, 'মুর্মু'-রা ঠাকুর বা পৌরোহিত্যের কাজ-কর্ম করে থাকত ইত্যাদি। আবার নানান বিধিনিষেধভিত্তিক গোত্র হিসেবে নানান 'Taboo'-ও তারা মেনে চলে। সেই অনুযায়ী তাদের আলাদা ধর্মীয় প্রতীকও আছে।

বাঙালির সমাজ সংগঠনের দিকে তাকালে দেখা যায় কৌমভিত্তিক সংগঠন। এই কোমগুলি ছিল বঙ্গ, রাঢ়, পুণ্ড্র, গৌড় ইত্যাদি যাদের সম্পর্কে আমরা আগেই বলবার চেষ্টা করেছি। এই কোমগুলিই যেহেতু অনার্য বাঙালির পরিচয়, তাই বাঙালি সমাজ গঠনে অনার্য সাঁওতালদের যে প্রভাব ও দান আছে, তা ঐতিহাসিক নীহাররঞ্জনবাবুর মতই বহু পণ্ডিতগণ মনে করেছেন। যেমন নীহারবাবু লিখেছেন,

> ''আমাদের গ্রাম্য পঞ্চায়েতী শাসনযন্ত্র এই প্রাচীন কৌম সমাজের দান; পঞ্চায়েত কর্তৃক নির্বাচিত দলপতি স্থানীয় কৌম শাসনযন্ত্রে নায়কত্ব করিতেন। মাতৃপ্রধান বা পিতৃপ্রধান কৌম ব্যবস্থানুযায়ী উত্তরাধিকার শাসন নিয়ন্ত্রিত হইত, এবং সামাজিক দণ্ডের ও নির্দেশের কর্তা ছিলেন পঞ্চায়েতমণ্ডলী।''[৩]

এখন যেমন ব্রাহ্মণদেরও অনেক বিভাগ আছে ও অনেক গোত্র আছে, আর সেই গোত্রের 'Taboo'-গুলো তারা সেইভাবেই মেনে চলে, অনরূপ অন্যান্য বৃত্তিধারী মানুষদেরও, যারা সকলেই সংকর বর্ণ, তাই 'বৃহদ্ধর্মপুরাণে' যাদের 'উত্তম-সংকর, মধ্যম-সংকর ও অধম-সংকর বলে উল্লেখ করা হয়েছে, তাদেরও অনেক বিভাগ ও গোত্র এবং গোত্রের 'Taboo' আছে, তারাও এই 'Taboo'-গুলো মেনে চলে। তাই বিবাহ ও অন্যান্য সামাজিক অনুষ্ঠানে সাঁওতালদের মতই বাঙালিদেরও এই আন্তর্গঠনটি দেখা যায়। আবার সাঁওতালদের মতই এই গোত্রগুলির যে আলাদা আলাদা চিহ্ন ছিল তা উল্লেখ করেছেন গবেষক পণ্ডিত লোকেশ্বর বসু।

> ''গোত্রের অর্থ গোষ্ঠ বা গো-সম্পদে যুক্ত বা স্থিত। প্রাথমিক পর্বে আর্য্যরা ছিল পশুপালক। সম্পদ বলতে বোঝাতো গোধন। আদিতে এই গোধন ও গো-চারণ-ভূমি ছিল যৌথসম্পদ। বোধহয় গরুগুলির গায়ে পৃথক পৃথক দগ্ধচিহ্ন দিয়ে গোষ্ঠীর মালিকানার সাক্ষ্য রাখা হত। কালক্রমে এগুলি পরিবার বা গোষ্ঠীর সম্পদ হয়ে দাঁড়ায়। যে ঋষির গো-সম্পদে গোষ্ঠী নির্ভরশীল ছিল সেই গোষ্ঠীর সকলেই সেই গোত্রনাম গ্রহণ করে।''[৪]

আবার হয়তো বা সাঁওতালদের মতই বাঙালির বিভিন্ন গোত্রগুলির ধর্মীয় প্রতীক কিংবা পরিবারগত টোটেম থাকতে পারে।

(গ) সামাজিক তথা লৌকিক আচার

একটি সমাজবদ্ধ জাতিগোষ্ঠীর পালিত সামাজিক আচারই তার জাতি সত্তার পরিচয় দেয়। আর এখানেই দক্ষিণবঙ্গের বাঙালি ও সাঁওতালদের পালিত সামাজিক আচারগুলির বিশ্লেষণ করলে দেখা যাবে, উভয় ভাষীই একটি জাতি সত্তারই বর্তমান প্রতিভূ। যেমন—

জন্মসংস্কার : বাঙালি সমাজে যখন কোনো শিশু জন্মায় তখন একজন 'দাই বুড়ি'কে আনা হত এবং সেইই মাতৃজঠর থেকে নাড়ী ছেদন করে শিশুকে ভূমিষ্ঠ হতে সাহায্য করত। এই একই বিষয় সাঁওতাল শিশুর জন্মের সময়ও করে থাকে 'দাই বুড়ি', যাকে সাঁওতালিতে 'দাঁই বুডহি' বলা হয়। মনে হয় এই শব্দ থেকেই আগত 'দাই বুড়ি' শব্দটি। এছাড়া নামকরণে উভয় সমাজেই শিশু তার পিতৃকুলের গুরুজনের নাম পায় এবং পরের বারের সন্তানরা মাতৃকুলের নাম পেয়ে থাকে। ছয়মাস পর শিশুর অন্নপ্রাশনে বাঙালি সমাজে যে লোকাচারগুলি আছে তা সাঁওতাল প্রভৃতি অনার্যদের কাছ থেকেই গৃহীত। এই অনুষ্ঠানকে সাঁওতালিতে বলা হয় 'চাচো ছাটিয়াঁর'।

বিবাহরীতি : বিবাহরীতিতে উভয় সম্প্রদায়ের মধ্যে একই বিষয় লক্ষ করা যায়। তার দু'একটি এখানে তুলে ধরার চেষ্টা করা গেল বাঙালি সমাজে নিমন্ত্রণের সময় যে পান-সুপারির ব্যবহার করা হয়, তা ''পান ও সুপারীর ব্যবহার ইহাদের নিকট হইতেই ভারতীয় সভ্যতায় গৃহিত হয়।''[৫] এখানে 'ইহাদের' বলতে নৃ-ভাষাতাত্ত্বিক সুনীতিবাবু সাঁওতাল প্রভৃতি কোল জাতিকেই বলেছেন। অর্থাৎ গাছের পাতা দিয়ে নিমন্ত্রণের সংস্কৃতি সাঁওতালদের থেকেই আগত। কারণ সাঁওতালি সমাজেও নিমন্ত্রণে শালগাছের পাতা ব্যবহার করা হয়, যাকে বলে 'গিরী'। অবশ্য এই পাতার সঙ্গে থাকে হলুদ জলে চোবানো গিঁটবাঁধা সাদা সুতো, দুর্বাঘাস ও আতপচাল। এই শালপাতা ব্যবহারের ধারণা থেকেই পত্র বা নিমন্ত্রণ পত্র এসেছে। বাঙালিদের বিবাহে হলুদের ব্যবহারও এদের কাছ থেকেই নেওয়া। বিবাহের আগের দিন বিবাহের মণ্ডপ সজ্জায় আমপাতা, কলাগাছ, তীর, মাঝখানে খোঁড়া গর্ত ইত্যাদি বিষয়গুলি বাঙালিরা সাঁওতালদের থেকেই গ্রহণ করেছে।

সাঁওতালদের ক্ষেত্রে পাত্র বিবাহে রওনা হয়ে প্রথমে একটি বৃক্ষকে বিবাহ করে, সেটি মূলত আম্রবৃক্ষই হয়। এটি একটি লোকাচার, মনে হয় এর উদ্দেশ্য হল সাঁওতালদের প্রকৃতি সংরক্ষণ। প্রাচীনকালে বাঙালি হিন্দুদের মধ্যেও এরূপ বৃক্ষ বিবাহ ছিল বলে গবেষক পণ্ডিত অতুল সুর মহাশয় জানিয়েছেন। অবশ্য সেখানে একাধিক বিবাহ সম্পর্কিত লোকাচারই প্রদর্শিত। আবার বিবাহের নানান রকমফের উভয় জাতির মধ্যেই লক্ষ করা যায়।

মৃত্যুসংস্কার : মৃতদেহকেন্দ্রিক যে সংস্কার, তা উভয় ভাষীদের ক্ষেত্রে একইভাবে পরিলক্ষিত। তারপর চিতা সাজানো, মৃতদেহটি দক্ষিণদিকে মাথা করে শোয়ানো, মৃতের জ্যেষ্ঠপুত্রের দ্বারা মুখাগ্নি, ক্রমে আত্মীয়-পরিজনদের দ্বারা অগ্নিসংযোগ, মৃতদেহ দাহ হলে পর একটি মাটির ভাঁড়ে দগ্ধাস্থি সযত্নে সংগ্রহ এ সবই বাঙালি হিন্দুরা সাঁওতালদের থেকেই নিয়েছে। E.T. Dalton লিখেছেন,

> "The Brahman like the santal, carefully preserves the bones in an earthen vessel; he is ordered to bury them in a safe place till a convenient season arrives for his journy to the sacred river – in his case the Ganges – where he consigns the vessel with its contents to the river."[৬]

শ্রাদ্ধানুষ্ঠানের দিন পর্যন্ত সিদ্ধ খাওয়া, শ্রাদ্ধের দিন পুরানো হাঁড়ি-কুড়ি, জামাকাপড় ফেলা, পরিবারের লোকেদের চুল-

দাড়ি-নখ কেটে অশৌচ মুক্ত হওয়া, তারপর নতুন ধুতি বা পোশাক ও গলায় বেলকাঠের কণ্ঠীমালা পরা এসবই যে সাঁওতাল প্রভৃতি আদিবাসীদের কাছ থেকেই বাঙালিরা নিয়েছে তা, অনেকেই বলেছেন। এমনকি ''মৃতের উপর স্তূপ রচনা, ইহাও দাক্ষিণ জাতির মধ্যে প্রচলিত রীতি ছিল।''[৭] এই 'দাক্ষিণ' বলতে ভাষাচার্য সুনীতিবাবু সাঁওতাল প্রভৃতি কোল জাতির কথাই বলেছেন।

ঐতিহাসিক নীহাররঞ্জন রায় লিখেছেন,

> ''আমাদের ব্যবহারিক ও সাংস্কৃতিক দৈনন্দিন জীবনের মূল অস্ট্রিক ও দ্রবিড় ভাষাভাষী আদি কৌমসমাজের মধ্যে। সেই হেতু আমাদের দৈনন্দিন জীবনের প্রাচীনতম আভাস এই দুই ভাষার এমন সব শব্দের মধ্যে পাওয়া যাইবে যে-সব শব্দ ও শব্দ-নির্দিষ্ট বস্তু আজও আমাদের মধ্যে কোনও না কোনও রূপে বর্তমান।''[৮]

বাঙালির ও সাঁওতালদের দৈনন্দিন জীবন আলোচনা করলে এই উক্তির যথার্থতা পাওয়া যাবে। এখানে কেবল গণনা কেন্দ্রিক সাংস্কৃতিকে দেখানো হল।

(ঘ) গণনা পদ্ধতি :

প্রাচীন বাংলায় এমনকি দক্ষি ণবঙ্গে একেবারে গ্রাম্য এলাকায় যে সমস্ত বাঙালি বসবাস করে তাদের সংখ্যা গণনা এরকম, যথা—এক কুড়ি, দুই কুড়ি, তিন কুড়ি, চার কুড়ি ইত্যাদি। আবার বাইসকে (২২) বলে এক কুড়ি দুই এইভাবে। আবার এক পণ অর্থাৎ ৮০টায় এক পণ গণনার রীতি প্রচলিত আছে। প্রসঙ্গত উল্লেখ্য,

> ''এই কুড়ি শব্দটি এবং গণনারীতিটি—দুইই অস্ট্রিক। সাঁওতালি ভাষায় উপুণ বা পুণ বা পণ কথাটির অর্থ ৮০ এবং সঙ্গে সঙ্গে ৪-ও। মূল অর্থ চার। অস্ট্রিকভাষাভাষী লোকদের ভিতর কুড়ি শব্দ মানবদেহের কুড়ি অঙ্গুলির সঙ্গে সম্পৃক্ত; কুড়িই তাহাদের সংখ্যাগণনার শেষ অঙ্ক এবং কুড়ি লইয়া এক মান। কাজেই এক কুড়ি, দুই কুড়ি, তিন কুড়ি, চার কুড়িতে (৪ x ২০ = ৮০) এক পণ। এই অর্থে আশিও পণ, চারও পণ। এই পণও তাহা হইলে অস্ট্রিক শব্দ।''[৯]

৩০ দিনে একমাস, এই একমাস কিন্তু চান্দ্রমাস, অর্থাৎ চন্দ্রের তিথি ধরে ৩০ দিন গণনা করা হয়। সাঁওতালিতে একমাসকে 'চাঁদো' বলা হয় অর্থাৎ চান্দ্রমাসের ধারণা এইখান থেকেই। নৃ-ভাষাচার্য সুনীতিকুমার চট্টোপাধ্যায় লিখেছেন ''চন্দ্রের তিথি ধরিয়া কাল নিরূপণ-ও সম্ভবতঃ ইহাদেরই রীতি ছিল।''[১০]

কৃষি ও প্রকৃতি কেন্দ্রিক যাপিত জীবন :

ভারত তথা সমগ্র বাংলায় সাঁওতাল প্রভৃতি অস্ট্রিক গোষ্ঠীই যে প্রথম কৃষিকর্মের সূত্রপাত করেছিল তা, প্রায় সকল সমালোচকই বলেছেন। ''বস্তুত, আর্য-ব্রাহ্মণ্য সাধনায় যথার্থ আর্যপ্রবাহ মূলত ক্ষীণ।''[১১] এবং ভাষাচার্য সুনীতিকুমারও বলেছিলেন যে বাঙালির এই 'আর্য্যামী' আসলে 'গরম-মশলা' মাত্র। তাই কৃষি ও প্রকৃতি কেন্দ্রিক বাঙালির যে সংস্কৃতি, তা যে সাঁওতাল প্রভৃতি অনার্য সংস্কৃতির উপর দাঁড়িয়ে, কতকগুলি বিষয় আলোচনা করলে, তা প্রমাণিত হবে।

(ক) সহরায় বা সরহায় ও কালীপুজো : কৃষিকে কেন্দ্র করে সাঁওতাল ও বাঙালিদের নানান লোকাচার থাকে বীজ বপন থেকে শুরু করে শস্য সংগ্রহ পর্যন্ত। শস্য সংগ্রহ হয়ে গেলে সাঁওতালরা যে উৎসব পালন করে থাকে তাকে 'সরহায়' বা 'সহরায়' বলে। বড় অমাবস্যা বা জ্বালা অমাবস্যা বা দীপাবলী বা কালীপুজোর দিন থেকে পাঁচদিন ও পাঁচরাত্রি ধরে চলে

এই উৎসব। অমাবস্যার পর দিনই পিত্রালয় থেকে দাদা, ভাই বা কেউ এসে প্রবাসী মেয়ে ও তার স্বামীকে শ্বশুর বাড়ি থেকে নিয়ে যায় তার বাপের বাড়ি। এই দিনটি মেয়ের অহংকারের দিন। এই দিনটির জন্য মা মেয়ে সংবৎসরকাল পরস্পর পরস্পরের প্রতি অপেক্ষা করে থাকে। এই নিয়ে 'সরহায়'-এর কত গান আছে। ভক্তকবি রামপ্রসাদ ও কমলাকান্তের আগমণী ও বিজয়ার যে সঙ্গীতগুলি গড়ে উঠেছে, যে সমাজ প্রেক্ষিত ও সুরকে কেন্দ্র করে, তার ভিত্তি সাঁওতালদের 'সরহায়' উৎসব বলেই মনে হয়। কারণ সাঁওতালদের মতো বাঙালি বিবাহিত কন্যারাও দুর্গাপুজোর আগে বৎসরান্তে একবার পিতৃগৃহে আসে এবং মা মেয়ের পরস্পর করুণ অপেক্ষার অবসান হয় এই সময়েই। এই বিষয়ই দেবদেবীর আধারে পরিবেশিত করেছেন রামপ্রসাদ ও কমলাকান্ত।

(খ) বাহা ও বসন্তোৎসব : প্রকৃতির বিচিত্র বর্ণের পাতা ও ফুলরাশিকে অভিনন্দন জানানোর জন্য সাঁওতালদের উৎসব হল 'বাহা' অর্থাৎ ফুল। এই উৎসব হল কৃতজ্ঞতারই অভিনন্দন, কারণ এই ফুল, ফলে রূপান্তরিত হবে আগামী দিনের প্রতিশ্রুতি নিয়ে, অর্থাৎ এ উৎসব হল শস্যলাভের প্রত্যাশার উৎসব অবগুণ্ঠিত কৃষি উৎসব। আবার এ উৎসব বৃক্ষ ও প্রকৃতি পূজাও, যা বাঙালির বৃক্ষপূজা বা প্রকৃতি পুজোর উৎস। বাহা পরবে সাঁওতাল নারীরা প্রথম পুজোর শাল ফুল মাথায় পড়ে ও নাচগান করে। একে 'বাহা এনেচ্' বা পুষ্প নৃত্য বলা হয়। পুজোর দ্বিতীয় দিনে একে অপরকে জল কিংবা ধুলো দিয়ে দেওয়া হয়। এই সময় সাঁওতাল নর-নারীরা অনেকটাই মুক্ত অবস্থায় থাকে। লক্ষণীয় এই 'বাহা' অনুষ্ঠানই বাঙালি সমাজে মনে হয় 'বসন্তোৎসব'-এ পরিণত হয়েছে এবং এর সঙ্গে যুক্ত হয়ে গেছে হোলী বা দোলযাত্রা।

(গ) শারদোৎসব তথা দুর্গোৎসব ও দাঁশায় : দুর্গম বর্ষার পর যখন বাংলার গ্রাম ও প্রান্তর শ্যামল হয়ে ওঠে, তখন বিশ্রাম ও অবসরের দিনে কৃষিজীবী বাঙালি নবপত্রিকাকে আহ্বান জানাত, আর দীর্ঘকাল ধরে চলত এই উৎসব। এই নবপত্রিকা হল কদলী, ডালিম, ধান, হলুদ, মান, কচু, বেল, অশোক ও জয়ন্তী। আসলে এটি এক প্রচ্ছন্ন কৃষি উৎসব, যা সাঁওতালদের 'বাহা' পরবের মধ্যে লক্ষণীয়, বসন্তকালীন নবরূপে প্রকৃতিকে পূজা আসলে কৃষির উৎসব। এই নবপত্রিকা পূজাই হল শারদোৎসব, আর এই উৎসবে 'দুর্গা' যুক্ত হওয়ার ফলে এটি দুর্গোৎসব নামে পরিচিত হয়। হরপ্রসাদ শাস্ত্রীর মতে নবপত্রিকার পূজাই দুর্গোৎসবের উৎস।

এই শরৎকালীন দেবী দুর্গার পূজা একমাত্র 'কৃত্তিবাসী রামায়ণেই' পাওয়া যায়, আর কোথাও নয়। তবে তিনি যে দুর্গা, এই নামটি পাওয়া যাচ্ছে সাঁওতালি লোককাহিনীতে। এই লোককাহিনীতে আছে, আর্য্য দলনেতা ইন্দ্রের সঙ্গে অনার্য তথা খেরোয়াল দলনেতা 'হুদুড়দুর্গা'র প্রচণ্ডলড়াইয়ে ইন্দ্র পরাজিত হওয়ার পর এক অসাধারণ সুন্দরী কুহকিনী যুবতী নারীকে পাঠানো হয়েছিল হুদুড়দুর্গাকে ছলাকলা দেখিয়ে বধ করতে। ঐ নারীর কুহকিনী মায়ায় খুব সহজেই খেরোয়াল দলনেতা পরাজিত হয়। আর ঐ দলনেতাকে বধ করায় ঐ নারীর নাম হয় 'দুর্গা'। তাই সাঁওতাল ছেলেরা এই পুজোর কটাদিন বাড়িতে আলো জ্বালায় না বা অন্ধকার করে রাখে। আর বাড়িতে থাকে না কিংবা কাজেও যায় না, তারা মাথায় পাগড়ী বেঁধে ময়ূরের পালক গুঁজে নারীর মত পোশাক পরে লাউয়ের খোল দিয়ে তৈরি 'ভুয়াং' বাদ্যযন্ত্রের মাধ্যমে বাড়ি বাড়ি ঐ যুদ্ধে পরাজয়ের কাহিনী ও দুঃখ বর্ণনা করে বেড়ায় গানের মাধ্যমে। এটিই তাদের 'দাঁশায়' পরব বা 'দাঁশায় এনেচ্' (নৃত্য)।

উক্ত দুর্গাপুজোর অন্যান্য দেবদেবীদের দিকে তাকালে দেখা যায় যে, দেবী লক্ষ্মী হলেন ধানের বা সম্পদের দেবী, তার বাহন হল পেঁচা, অর্থাৎ তিনি কৃষির দেবী এই ধারণা যে সাঁওতালদেরই, তা আমরা ইতিমধ্যেই দেখাবার চেষ্টা করেছি। অন্যদিকে লক্ষ্মীর বাহন পেঁচা, গণেশের ইঁদুর, সরস্বতীর হাঁস, কার্তিকের ময়ূর, আবার মনসার সাপ, চণ্ডীর গোসাপ ইত্যাদি

বাহনগুলি সাঁওতাল প্রভৃতি অস্ট্রিক গোষ্ঠীর পশু-পক্ষী 'টোটেম'-এরই ধারণা-জাত। বলাবাহুল্য, শিব যে অনার্য, তা সর্বৈব সত্য। যদিও দেব-দেবীর মূর্তি কল্পনা অনার্য দ্রাবিড় সংস্কৃতির দান, তবে দ্রাবিড়ীয় 'লিঙ্গ-ধারণা' বা শিবমূর্তি নির্মাণ সাঁওতাল তথা খেরওয়াল গোষ্ঠীর পৌরাণিক দেবতা 'মারাংবুরু' থেকে বলেই মনে হয়।

নানান বিশ্বাস-সংস্কার :

এবার বাঙালির নানান সংস্কার তথা 'ট্যাবু' কেন্দ্রিক মানসগঠনের বিষয়টি আলোচনা করা হল। প্রথমে বাঙালির 'মঙ্গল ঘট'-এর কথা ধরা যাক। বাঙালির সমস্ত শুভকাজে জলপূর্ণ কলস দরজার পাশে রাখা হয়। এই ঘট পূজাতে বা ঘটে যে জিনিসগুলি লাগে তা সবই সাঁওতাল বা কোল গোষ্ঠীর আদিম সংস্কার পদ্ধতিরই দান। এরকম মঙ্গল ঘটকে সাঁওতালিতে বলে 'সাগুন ঠিলি' বা পূণ্য কলস। এই সংস্কার বা 'ট্যাবু'ই বাঙালির মঙ্গলঘটে অর্পিত। মাঙ্গলিক অনুষ্ঠানে (বিবাহ, পুজো ইত্যাদি), গৃহপ্রবেশে, অতিথিবরণে কলা ও কলাগাছ, দুর্বাঘাস, ধান, আমপাতা বা আম্রপল্লব, হলুদ ইত্যাদির একটা বড় ভূমিকা থাকে। এই সমস্ত গাছ বা শষ্যকে কেন্দ্র করে বিভিন্ন লোকবিশ্বাস বাঙালিরা সাঁওতাল সমাজ থেকেই গ্রহণ করেছে।

বাঙালির নারী মহলে যেসকল সংস্কার-বিশ্বাস প্রচলিত আছে, তা হল গ্রামসমাজে শিশুর জন্মের পর তার হাতে লোহার বালা পরানো, কোমরে লোহার জাল-কাঠি পরানো, শিশু ঘুমানোর সময় মাথার দিকে বিছানার কাজললতা কিংবা লোহার কিছু রাখা, চোখে কাজল ও কপালে টিপ পরানো ইত্যাদি সংস্কারের পিছনে যে অশুভ বিষয়ের বিশ্বাস তা সাঁওতালি সংস্কার থেকেই আত্তিকৃত। এমনকি আগেকার দিনে ছেলেমেয়েদের একটা করে ডাকনাম রাখা পচা, বুচি, পটল, টেপি, কেলো, গুলে, গুয়ে, হাবা, হাঁদা ইত্যাদির পিছনে ঐ অশুভদৃষ্টির সংস্কারই কাজ করত।

এই যে উভয় ভাষীর একই ভৌগোলিক অঞ্চলে বসবাস করার ফলে যে সাংস্কৃতিক মিল বা acculturation ঘটেছে, ফলে উভয় জাতিগোষ্ঠীই তাদের যাপিত জীবনে একই জীবনাভিজ্ঞতাকে তাদের লোকসাহিত্যে ব্যক্ত করেছে, তা প্রবাদই হোক, বা ধাঁধা, ছড়া, লোককথা, লোকগান কিংবা সাঁওতালি বিনতি ও বাঙালি ব্রতই হোক সব ক্ষেত্রেই তাদের সাংস্কৃতিক মিল ও মিশ্রণটি লক্ষ করা যায়।

সংস্কৃতির একটি বিশেষ দিক হল ভাষা, ফলে ভাষার শব্দভাণ্ডারেও উভয়ই ভাষীর আন্তঃসম্পর্কগুলি গড়ে উঠেছে দীর্ঘদিন ধরে একই অঞ্চলে বসবাস করার জন্য এবং দৈনন্দিন জীবন ধারণের ফলে দেওয়া নেওয়ার সম্পর্ক থেকে। বাংলার বহু জিনিসের নাম, তার দেশি শব্দ বলে খ্যাত এমন অনেক শব্দ, বিশেষ করে বাঙালির ধ্বন্যাত্মক শব্দ যে সাঁওতালি শব্দ দ্বারা গঠিত, তা গবেষক ড. ক্ষুদিরাম দাশ মহাশয় তাঁর 'সাঁওতালি বাংলা সমশব্দ অভিধান' বইয়ে দেখিয়েছেন। এমনকি বাঙালির অনেক স্থাননামও যে সাঁওতাল প্রভৃতি অনার্য শব্দ দ্বারা গঠিত, তা ভাষাচার্য সুকুমার সেন মহাশয়ের 'বাংলা স্থাননাম' বইয়ে দেখতে পাওয়া যায়। এছাড়া সাঁওতালি ভাষায় যে অনেক বাংলা শব্দ ব্যবহৃত হয়, তা আমরা অনেকেই জানি। এই কারণেই তাদের মধ্যে ভাষিক রীতির আন্তঃসম্পর্ক গড়ে উঠেছে, যা তাদের পরস্পরের ভাষায় দ্বিভাষিক হওয়ার পথকে ত্বরান্বিত করেছে।

তথ্যঋণ

১. চট্টোপাধ্যায় সুনীতিকুমার, বাংলা ভাষার কুলজী, প্রমথ চৌধুরি এম, এ, বার-য়াট-ল কর্তৃক প্রকাশিত। কলিকাতা, উইকলী নোটস প্রিন্টিং ওয়ার্কস, পৃ. ১।

২. চট্টোপাধ্যায় সুনীতিকুমার, সাংস্কৃতিকী (অখণ্ড সংস্করণ), আনন্দ, কলকাতা প্রথম অখণ্ড সংস্করণ ২০১৭, পৃ. ৫৪।

৩. রায় নীহাররঞ্জন, বাঙ্গালীর ইতিহাস আদি পর্ব, দে'জ পাবলিশিং, কলকাতা প্রথম প্রকাশ, ১৩৫৬, পৃ. ৩১৮।

৪. বসু লোকেশ্বর, আমাদের পদবীর ইতিহাস, আনন্দ পাবলিশার্স, কলকাতা : প্রথম সংস্করণ জুলাই ১৯৮১, পৃ. ৪০।

৫. সাংস্কৃতিকী (অখণ্ড সংস্করণ), পৃ. ৫২।

৬. Dalton Edward Tuite, Descriptive Ethnology of Bengal, Printed for the Government of Bengal under the Direction of the Council of the Asiatic Society of Bengal, Calcutta, 1872, page -229

৭. সাংস্কৃতিকী (অখণ্ড সংস্করণ), পৃ. ৫৪।

৮. বাঙ্গালীর ইতিহাস আদি পর্ব, পৃ. ৪৪২।

৯. ঐ, পৃ. ৪৩।

১০. বাংলা ভাষার কুলজী, পৃ. ৪।

১১. বাঙ্গালীর ইতিহাস আদি পর্ব, পৃ. ৪৩।

বিকাশ মুরমু
সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ
আরামবাগ গার্লস কলেজ, হুগলি

হাংরি জেনারেশন ও বিট্ জেনারেশন আন্দোলনের দুই স্বতন্ত্র নাম

অভিষেক প্রামাণিক

কল্পনায় ভাসতে ভাসতে মেঘের স্পর্শ পাওয়া এক বিলাসী মন সাহিত্যের পরিসরকে রঙিন করে তোলে। এমন ধারণা নিয়ে স্নিগ্ধ স্পর্শে সাহিত্যচর্চা বাঙালির প্রায় মজ্জাগত। শ্লীলতা, শিষ্টাচার, সাহিত্যের নৈতিকতা নিয়ে দীর্ঘদিন সাহিত্য রচিত হয়েছে বাংলা ভাষায়। শ্লীলতার একটা মাত্রায় থেকে বাস্তব নামে চিহ্নিত এক বিশেষ পরিসরকে ভাষায় প্রকাশ করে সাহিত্য হয়েছে। বাস্তবের সঙ্গে মিশেছে কল্পনা। সাহিত্যের প্রায় সব সংরূপেই সাহিত্য রচনার একটা অভ্যস্ত পথ বাংলা ভাষায় গড়ে উঠেছিল বা চলছে। কিন্তু চলব বললেই তো কালের অগ্রগতিতে একই শৃঙ্খলে বরাবর সাহিত্য প্রবাহিত হয় না। মাঝে মাঝেই বহু অনুশীলিত ধারাপ্রবাহে নতুন নতুন মোড় আসে। নতুন পথ সৃষ্টি হয়। একটা প্রচলিত ধারায় অবগাহন করতে পারলেই বুঝি সাহিত্য ফলানো যায় বা সাহিত্যিক হয়ে ওঠা যায় এই ধারণার মূলে বড্ড বড় অভ্যাসের তীব্র গন্ধে যখন ম ম করছিল তখনই স্বাধীন ভারতের বাস্তবচিত্র ও সমগ্র বিশ্বব্যাপী চলতে থাকা সাংস্কৃতিক ক্ষুৎ কাতরতার ইঙ্গিত পেয়েছিলেন বাংলারই বেশ কিছু যুবক। সময়ের পচনশীল অবস্থাকে তাঁরা তাঁদের হাতে ধরা কলমের ধারালো লেখনীতে অপারেশন করে সুস্থ করে তুলতে চেয়েছিলেন। সময়ের মধ্যে গড়ে ওঠা অবিশ্বাসের স্তূপকে পরিষ্কার করতেই, সেই স্তূপের প্রতি ইঙ্গিত করেছিলেন তাঁরা। তাঁরা বাংলার হাংরি জেনারেশন। বাংলাসাহিত্যের প্রথম পত্রিকা নির্ভর ঘোষিত সাহিত্য আন্দোলন। এই আন্দোলনের মাধ্যমেই বাংলাসাহিত্য প্রথম সাক্ষী হল সাহিত্যিক আন্দোলনের। দীর্ঘদিন ধরে চলতে থাকা সাহিত্যধারার মধ্যে একটি বিস্ফোরণ ঘটিয়েছিলেন হাংরি জেনারেশনের সাহিত্যিকরা। বিস্ফোরণ বলতে আক্ষরিক অর্থেই বিস্ফোরণ। কারণ কবিতা লেখার জন্য পুলিশের হাতে গ্রেপ্তার হওয়া, আদালতে মামলা হওয়া ও সাহিত্য সৃষ্টির জন্য আইনের সামনে দাঁড়িয়ে জবাবদিহি করতে হয়েছিল হাংরি আন্দোলনকারীদের। বাংলাসাহিত্য দেখল শুধু একটি কবিতা একাধিক সাহিত্যিককে আদালতের আইনি প্রহরায় জবাবদিহি করতে বাধ্য করতে পারে। তাহলে এমন সাহিত্যচর্চাকে অবশ্যই আন্দোলন বলতে হয়। আন্দোলন প্রচলিতের বিরুদ্ধে গিয়ে, সমস্ত মেকিত্বের চোখে চোখ রেখে। সাহিত্যের প্রচলিত ধারা থেকে নিষ্ক্রান্ত হয়ে ভিন্ন পথ ধরলে যে পুলিশে ধরতে পারে, হাংরি জেনারেশন আন্দোলনের ইতিহাস তার প্রমাণ।

কিন্তু হঠাৎ কী এমন ঘটল যে বাংলাসাহিত্যে একদল সাহিত্যিক আন্দোলন করবেন বলে সিদ্ধান্ত নিলেন? বেশ তো ছিল শান্ত শুভ্র সাহিত্যচর্চার বাঙালি পরিমণ্ডল। একরকম জানা অজানা নির্দিষ্ট কাঠামো মেনে রচিত হচ্ছিল সাহিত্যের বিভিন্ন সংরূপ। আসলে সব বেশ থাকাই ভালো থাকা নয়। কোথাও কোনও এক ছিদ্রপথে অন্বেষণের আগ্রহে ধরা দেয় অন্তঃসারশূন্য সময়ের পরিধি। 'হাংরি জেনারেশন' আন্দোলনকে অনেক ক্ষেত্রে 'ক্ষুধার্ত আন্দোলন' হিসাবে চিহ্নিত করা হয়। কিন্তু 'ক্ষুধা' অর্থে অনাহার, দুর্ভিক্ষ বা 'সাহিত্যিক ক্ষুধা' ভাবলে ভুল হবে। যেকথায় 'In The Sowre Hungry Tyme' এর অর্থ কেবলমাত্র ক্ষুধা নয়, সময়ের এক পচনশীল অবস্থা। এই পচনশীল সময়কে নিজেদের সাহিত্যে প্রকাশ করতে চাইলেন হাংরি জেনারেশনের সাহিত্যিকরা। তৎকালীন অবস্থায় যেন 'হাংরি জেনারেশন' আন্দোলন একটি স্বাভাবিক ও অবশ্যম্ভাবী হয়ে উঠেছিল এই আন্দোলনের সঙ্গে যুক্ত সাহিত্যিকদের কাছে। বিকল্প হিসাবে প্রথাগত সাহিত্যচর্চা সেই সময়কে ধরতে পারত না। এমনটা অন্তত হাংরি জেনারেশনের সাহিত্যিকেরা মনে করেন। এক্ষেত্রে খুব গুরুত্বপূর্ণ হয়ে

প্রামানিক, অভিষেক : হাংরি জেনারেশন ও বিট্ জেনারেশন আন্দোলনের দুই স্বতন্ত্র নাম
Open Eyes : Indian Journal of Social Science, Literature, Commerce & Allied Areas, Volume 20, No. 1, June 2023, Pages : 11-15, ISSN 2249-4332

ওঠে সময়। সময়টা ভারতের স্বাধীনতা পরবর্তী দুই থেকে তিন দশক। স্বাধীনতা অর্জনের পর কুড়ি থেকে ত্রিশ বছর আমাদের দেশবাসীর মধ্যে নানা চিন্তা ও নব আবিষ্কারের দৃষ্টিকে উন্মোচিত করেছিল। রাজনীতির দোলাচলতা, অর্থনীতির টালমাটাল অবস্থা, নব্য প্রশাসনের নানা ত্রুটি, দেশের মানুষের মধ্যে সর্বগ্রাসী অভাবের ব্যাপক প্রসার সবই ঘটেছে এই সময় পর্বে। তবে একইসঙ্গে এই সময়ের মধ্যে ছিল এক বাঁধভাঙা স্বাতন্ত্র্য বোধের উজ্জ্বল স্রোতধারা। সমান্তরাল ভাবে নতুন কিছু করার আগ্রহ ও পুরনো ও প্রচলিতকে চ্যালেঞ্জ জানানো স্বাধীন, দেশের স্বাধীন চিন্তাশীল মানুষদের চিত্তের এক স্বাভাবিক অনুশীলন হয়ে উঠেছিল। সেই অনুশীলনেই সাহিত্যের ক্ষেত্রে যাবতীয় প্রচলিত দর্শনকে হাংরি জেনারেশন অস্বীকার করতে চেয়েছিল। আর এই অস্বীকারের মধ্যে দিয়েই তাঁরা সাহিত্যের পরিসরে স্বাধীনতাকে সর্বশক্তিসম্পন্ন সিংহাসনে বসাতে চেয়েছিলেন।

বিশ শতকের ছয়ের দশকের শুরুতেই বাংলা সাহিত্যের প্রচলিত ধারার মধ্যে আলোড়ন সৃষ্টি করে 'হাংরি জেনারেশন' পত্রিকা প্রকাশের মধ্যে দিয়ে এই আন্দোলনের পথ চলা। আন্দোলনের পথ চলার মধ্যে নানা ওঠাপড়া, বিতর্ক এমনকি পুলিশি চোখ রাঙানি থাকলেও বাংলা সাহিত্যের ধারায় এই আন্দোলনের অস্তিত্বকে অবশ্যই স্বীকার করতে হয়। ক্ষমতার মোহজাল ছিন্ন করে সাহিত্যের গা থেকে তত্ত্ব, দর্শন, ধর্ম, নীতি ঝেড়ে ফেলে ১৯৬২ সালের এপ্রিল মাস থেকে 'হাংরি জেনারেশন' আন্দোলনের সূচনা। উত্তম দাস হাংরি জেনারেশন আন্দোলন সূচনার প্রসঙ্গে জানিয়েছেন—

> ''১৯৬২-র এপ্রিলে বের করলেন 'হাংগ্‌রি জেনারেশন।' তিন কলমে ডবল ক্রাউন ১/৮ কাগজের এক পৃষ্ঠায় ছাপা বুলেটিন। বার্জাস টাইপে ছাপা হলো—স্রষ্টা : মলয় রায়চৌধুরী। নেতৃত্ব : শক্তি চট্টোপাধ্যায়। সম্পাদনা : দেবী রায়।''[১]

তবে হাংরি জেনারেশন আন্দোলন কবে থেকে শুরু হয়েছে সে বিষয়ে বিভিন্ন মতামত প্রচলিত আছে। আন্দোলনের সঙ্গে যুক্ত সাহিত্যিক ও সমালোচকদের মধ্যে এ বিষয়ে মতভেদ লক্ষ্য করা যায়। শৈলেশ্বর ঘোষ জানিয়েছেন ১৯৬৩-৬৪ সালে হাংরি আন্দোলনের সূচনা।[২] অন্যদিকে অজিত রায় জানিয়েছেন, ১৯৬১ সালের নভেম্বর-ডিসেম্বর মাসে 'হাংরি জেনারেশন' নামের ইস্তেহার থেকেও হাংরির সূচনা। বলা যায়, সাহিত্য আন্দোলন হিসাবে হাংরি জেনারেশনের সূচনা ১৯৬২ সাল থেকেই। ১৯৬১ সালে হাংরি ইস্তেহারে সাহিত্যের প্রকাশ অপেক্ষা তাঁদের ঘোষিত আন্দোলনের রূপরেখা উচ্চারিত হয়েছিল অধিক পরিমাণে। ফলে সেটা যেন সূচনার প্রস্তুতি পর্ব ছিল।

আন্দোলনের সূচনার দিনক্ষণ বা আন্দোলনের সঙ্গে প্রকৃতভাবে যুক্ত ছিলেন কারা ও আন্দোলনের সূচনা করেন কে? এরকম বিভিন্ন প্রশ্ন নিয়ে হাংরি জেনারেশনের সাহিত্যিকদের মধ্যে বিতর্কের শেষ নেই। তবে দেখা যায় বিংশ শতকের ছয়ের দশকের একেবারে সূচনায় মলয় রায়চৌধুরী যখন পাটনা বিশ্ববিদ্যালয়ে অর্থনীতির ছাত্র তখন তাঁর দাদার বাড়িতে আসেন আমেরিকান কবি গিন্‌সবার্গ। তখনই সাহিত্যচর্চার পরিসরেই চসারের লেখা 'In The Sowre Hungry Tyme' থেকে মলয় রায়চৌধুরী 'হাংরি' শব্দটি গ্রহণ করেন। কারণ ঐ শব্দটিই সেই সময়ের সব থেকে উপযুক্ত প্রতিনিধি বলে তিনি মনে করেছিলেন। যার মধ্যে তৎকালীন পচনশীল সময়কে ধরে রাখার ক্ষমতা ছিল। সেখান থেকে হাংরি জেনারেশন আন্দোলনের সূচনা বলা যায়। তবে এই সূচনার সঙ্গে গিন্‌সবার্গের কোনও যোগাযোগ ছিল না। তবে বাংলা সাহিত্যের আন্দোলন হয়েও এই আন্দোলনের ঢেউ বিদেশ পর্যন্ত পৌঁছে ছিল একথা সত্য। আবার 'হাংরি জেনারেশন' পত্রিকার প্রথম সংখ্যায় যখন নেতৃত্বে শক্তি চট্টোপাধ্যায়ের নাম পাওয়া যায় তখন শক্তি চট্টোপাধ্যায়ের সম্পর্ককেও এই আন্দোলন থেকে একেবারে মুছে দেওয়া যায় না। অন্তত একেবারে আন্দোলনের শুরুর কথা বলতে গিয়ে শক্তি চট্টোপাধ্যায়ের নাম হাংরি জেনারেশন আন্দোলনের প্রসঙ্গে অবশ্যই চলে আসে। বিনয় মজুমদারের 'ফিরে এসো চাকা' কবিতার সমালোচনায় লিখেছিলেন শক্তি চট্টোপাধ্যায় 'সম্প্রতি' পত্রিকার তৃতীয় সংকলনে। সময়টা ১৯৬২ সাল। শক্তি চট্টোপাধ্যায় লিখেছিলেন—

> ''বিদেশে সাহিত্য কেন্দ্র যেসব আন্দোলন বর্তমানে হচ্ছে কোনটি বিট জেনারেশন কোনটি এ্যাংরি বা সোভিয়েত রাশিয়াতেও সমপর্যায়ী আন্দোলনের পরিপ্রেক্ষিতে যদি বাংলাদেশে কোন অনুক্ত বা অপরিষ্কার আন্দোলন ঘটে গিয়ে থাকে তবে তা আমাদের রাষ্ট্রনৈতিক বা সামাজিক পরিবেশে ক্ষুধা সংক্রান্ত আন্দোলন হওয়াই সম্ভব। ওদিকে ওদেশের সামাজিক পরিবেশ এফ্লুয়েন্ট, ওরাবিট বা এ্যাংরি হতে পারে আমরা কিন্তু ক্ষুধার্ত। যেকোন রূপের বা রসের ক্ষুধাই একে বলতে হবে। কোন রূপ কোন রসই এতে বাদ নেই, বাদ দেওয়া সম্ভব নয়। একে যদি বিট বা অ্যাংরি দ্বারা প্রভাবিত বলার চেষ্টা হয় তবে ভুল বলা হবে। কারণ এ আন্দোলনের মূলকথা 'সর্বগ্রাস'। অর্থাৎ ভাত, ডাল, চিংড়ি মাছের চচ্চড়ির সঙ্গে এই আন্দোলন বিট জেনারেশন সমেত মেখে লঙ্কা ও নিমকের টাকনা দিয়ে গ্রাস করতে চায়। বদহজম সংক্রান্ত কথা উত্থাপিত হবে না আশা করি। কারণ বদহজমই হলো শিল্প। জীবন চিবিয়ে যতটুকু অখাদ্য তার বমনই হল গদ্য, পদ্য, ছবি ইত্যাদি, গু গোবরের সামিল।''[৩]

'ক্ষুধার্ত' শব্দটিকে সাহিত্যের সঙ্গে জুড়ে দিয়েছিলেন শক্তি চট্টোপাধ্যায়। বিদেশি বিভিন্ন সাহিত্য চর্চার সঙ্গে এদেশের যে একটি মৌলিক সাহিত্য চর্চার ধারা আছে বা একেবারে মৌলিক ধারা প্রয়োজন সেটি তিনি স্মরণ করিয়ে দিলেন। খুব স্পষ্টভাবেই শক্তি চট্টোপাধ্যায়ের কথার মধ্যে বিট জেনারেশনের থেকে বাংলার নিজস্ব 'ক্ষুধার্ত' সাহিত্য চর্চাকে পৃথক বলে ঘোষণা করা আছে। অর্থাৎ শুরু থেকে হাংরি জেনারেশন আন্দোলনের মধ্যে থাকা মৌলিকতা প্রকাশিত হয়েছে। এটি কোনও বিদেশি সাহিত্য বা সাংস্কৃতিক আন্দোলনের অনুকরণ নয়, শক্তি চট্টোপাধ্যায় সেই মতকেই প্রতিষ্ঠা দিয়েছেন তাঁর বক্তব্যে।

হাংরি জেনারেশন আন্দোলন কবিতার মাধ্যমেই শুরু হয়েছিল। কবিতার জন্যই এই আন্দোলনের সাহিত্যিকদের ওপর নেমে এসেছিল আঘাত। কিন্তু কবিতাতেই থেমে থাকেনি হাংরি জেনারেশন। কবিতার পাশাপাশি ছোটোগল্প হাংরি জেনারেশনের এক অন্যতম প্রকাশ রূপ। সাহিত্য আন্দোলনের ধারণা আমাদের দেশের হতে পারে কিনা এ নিয়ে প্রশ্নের উত্তর খুঁজতেই যেন একটা অনুকরণের বিশেষ করে পাশ্চাত্য অনুকরণের ধারণাকে চালিয়ে দেওয়ার চেষ্টা চলে। হাংরি জেনারেশনের ক্ষেত্রেও তাই ঘটেছিল। এই আন্দোলনের সঙ্গে বিদেশি কবির যোগ বা বিদেশের গ্রন্থাগারে হাংরি জেনারেশন পত্রিকা রাখা এবং একেবারে এই আন্দোলন নিয়ে বিদেশে পত্রিকা 'Time Magazine'এ লেখালিখি ইত্যাদি বিষয়গুলি হাংরি আন্দোলনের সঙ্গে কোনো না কোনো বিদেশি আন্দোলনের যোগ ও বিদেশি আন্দোলনের অনুকরণ হিসাবে প্রচারের একটা সহজ পথ করে দিয়েছে। সেই সূত্রেই বাংলার হাংরি জেনারেশন আন্দোলন আর পাশ্চাত্যের বীট্ জেনারেশনকে এক পঙক্তিতে বসিয়ে দেওয়ার একটা প্রবণতা লক্ষ্য করা গেছে। হাংরি জেনারেশনকে অনেক সময় বাংলা বা ভারতীয় 'বিট' সংস্করণ বলে চালিয়ে দেওয়া হয়েছে। কিন্তু এর মধ্যে কি আদৌ কোনও যুক্তি আছে? সমকালীন আন্দোলন মানে এক আন্দোলন অন্য আন্দোলনকে প্রভাবিত করতে পারে বা অনেক ক্ষেত্রে করে। একথা ঠিক। তার মানেই একটি আন্দোলনকে অন্যটির দেশীয় সংস্করণ বলে দেওয়া ঠিক নয়।

'Time Magazine' এর প্রতিবেদনে হাংরি জেনারেশন সম্পর্কে লেখা হয়েছিল—

> "Born in 1962 with an inspirational assist from visiting U.S. Beatnik Allen Ginsberg, Calcutta's Hungry Generation is a growing band of young Bengalies with tigers in their tanks. Somewhat unoriginally they insist that only in immediate physical pleasure do they find any meaning in life, and they blame modern society for their emptiness."[৪]

খুব স্পষ্টতই টাইম ম্যাগাজিনে প্রকাশিত উক্ত প্রতিবেদনে আমেরিকান কবির পরিচয় বীটনিক হিসাবেই দেওয়া আছে। আর একথা ঠিকই যে সমীর রায়চৌধুরী ও মলয় রায়চৌধুরীর সঙ্গে গিন্‌সবার্গের সাক্ষাৎ হয়েছিল। আবার BBC থেকেও যে ডকুমেন্টরি মুক্তি পেয়েছিল সেখানে ও হাংরি জেনারেশনকে চিহ্নিত করা হয়েছে India's Beats - The Hungry Generation হিসাবে। একটি আন্দোলনকে যখন চিহ্নিত করা হয় অপর একটি আন্দোলনের বিশেষণ হিসাবে, তখন দুটি আন্দোলনের মধ্যে সাদৃশ্য থাকবে এমনটাই সিদ্ধান্তে আসা যেতে পারে।

এখন বীট জেনারেশন আন্দোলনের দিকে দৃষ্টি দেওয়া যেতে পারে। কী ছিল বীট জেনারেশন আন্দোলনের মূল সুর? দ্বিতীয় বিশ্বযুদ্ধ পরবর্তী সময়ে আমেরিকার একদল সাহিত্যিক ও সংস্কৃতিমনস্ক মানুষ শুরু করেন এই আন্দোলন। শিল্প সৃষ্টির ক্ষেত্রে তাঁরা প্রচলিত ও প্রতিষ্ঠিত নীতি-রীতিকে চ্যালেঞ্জ জানিয়েছিলেন, স্বাধীন যৌন চিন্তা, প্রাচ্য দর্শনের প্রতি তাঁদের আগ্রহ প্রকাশিত হয়েছিল। বস্তুবাদকে প্রত্যাখ্যান করে মানব জীবনের প্রকৃত অবস্থাকেই শিল্পের মূল ভিত্তি হিসাবে তাঁরা প্রকাশ করতে চেয়েছিলেন। এমনকি তাঁরা psychedelic drugs এরও ব্যবহার করতেন। আমেরিকায় তাঁরা বীটনিক হিসাবে অধিক জনপ্রিয়তা অর্জন করেছিলেন। উল্লেখযোগ্য বীটনিকরা হলেন—অ্যালেন গিন্‌সবার্গ, হার্বার্ট হাঙ্কে, উইলিয়াম বারস, জ্যাক কেরোয়াক প্রমুখ। গিন্‌সবার্গের 'Howl' (১৯৫৬), উইলিয়াম বারসের 'The Naked Lunch' (১৯৫৯), জ্যাক কেরোয়াকের 'On The Road' (১৯৫৭) প্রভৃতি বীট জেনারেশনের জনপ্রিয় গ্রন্থ। সাহিত্যের এক মৌলিক ধারণা হিসাবে 'বীট' নামটি প্রথম ব্যবহার করেন হার্বার্ট হাঙ্কে।[৫] শুরুতে 'বীট' শব্দটির অর্থ ছিল 'Tired' বা 'Beaten up' পরবর্তীতে হয় 'The Beat to keep'।[৬] বীট জেনারেশনের ধারণা নিয়ে বেশকিছু চলচ্চিত্রও নির্মিত হয়েছিল। এমনকি ১৯৬০ সালের প্রেসিডেন্ট নির্বাচনে বীট জেনারেশন রাজনৈতিক দল হিসাবেও আত্মপ্রকাশ করেছিল। দলটির নাম ছিল 'Beat Party'। অর্থাৎ বলা যায় বীট জেনারেশন আন্দোলনের মধ্যে প্রথা ভাঙার ঘোষণা ছিল। কবিতার মধ্যে দিয়ে শুরু করে তাঁরা উপন্যাস এমনকি চলচ্চিত্র পর্যন্ত নিজেদের বিস্তার করতে পেরেছিল। তবে সংস্কৃতির পরিমণ্ডলে আবদ্ধ না থেকে রাজনীতির আঙিনাতেও তাঁরা নাম লেখাতে চেয়েছিলেন। বলা যায় সাহিত্য রচনার ক্ষেত্রে বীটদের সঙ্গে হাংরিদের কিছুটা মিল থাকলেও তারা পৃথক।

তাহলে প্রশ্ন আমেরিকান বিটনিক কবি অ্যালেন গিন্‌সবার্গ হাংরি আন্দোলনের সূচনার সময় পাটনা বা কলকাতায় এসেছিলেন বলেই কি হাংরি জেনারেশন ভারতীয় বীট আন্দোলন হয়ে গেল? এই প্রশ্নের উত্তর খুঁজতে আমরা লক্ষ্য করতে পারি এ ধারণা ভুল। বীটনিক কবি এসেছিলেন, বাংলার বহু কবির মন জয় করতেও সক্ষম হয়েছিলেন বা তাঁদের সঙ্গে বন্ধুত্ব গড়ে তুলেছিলেন। কিন্তু আন্দোলন গড়ে তোলেন নি। এ প্রসঙ্গে মলয় রায়চৌধুরীর মন্তব্য অবশ্যই উদ্ধার করতে হয়—

> "বিদেশি, বিশেষ করে বিটনিক কবিদের নকল এই ধুয়োটা এই জন্যে ওঠে যে, বিটনিক কবি অ্যালেন গীনসবার্গ ১৯৬২-৬৩ নাগাদ তাঁর বন্ধু পিটার অরলভস্কির সঙ্গে বহুকাল কলকাতায় ছিলেন। এপ্রিল ১৯৬৩ নাগাদ তিনি আমার দাদা সমীর রায়চৌধুরীর চাইবাসার বাসায় গিয়েছিলেন কৃত্তিবাস গোষ্ঠীর কয়েকজন কবি-লেখকের সঙ্গে। পরে গীনসবার্গ পাটনায় আমার সঙ্গে দেখা করতে এসেছিলেন। সেসময় কিছুদিন তিনি পাটনার বাড়িতে থেকে যান। পাটনায় তিনি একলায় এসেছিলেন। পিটার অরলভস্কির সঙ্গে আমার কখনও দেখা হয়নি। আমি কলকাতায় গিয়ে গীনসবার্গের সঙ্গে দেখা করিনি। হাংরি আন্দোলনকারী হিসাবে যাঁরা পরে খ্যাত হন, মানে, সুবিমল বসাক, প্রদীপ চৌধুরী, বাসুদেব দাসগুপ্ত, সুভাষ ঘোষ, সুবো আচার্য, শৈলেশ্বর ঘোষ, ফাল্গুনী রায়, ত্রিদিব মিত্র, দেবী রায়, অরুনেশ ঘোষ—এঁদের কারুর সঙ্গেই অ্যালেন গীনসবার্গের আলাপ হয়নি। বিটনিকদের বইপত্তর আমরা পাওয়া

আরম্ভ করি আমার বাসায় গীনসবার্গ আসবার পর। তবে, তাঁর প্রচেষ্টাতেই ইংলন্ড, আমেরিকা, লাতিন আমেরিকা, জার্মানি, ফ্রান্সের লিটল ম্যাগাজিনে হাংরি আন্দোলন সম্পর্কে লেখালেখি আরম্ভ হয়, অনুবাদের সংকলন প্রকাশিত হয়।''[৭]

মলয় রায়চৌধুরী সরাসরি আন্দোলন হিসাবে বিট জেনারেশনের সঙ্গে হাংরি জেনারেশনের সম্পর্ককে নাকচ করেছেন। হাংরি আন্দোলনের সঙ্গে যুক্ত সাহিত্যিকদের মধ্যে শুধুমাত্র মলয় রায়চৌধুরীর সঙ্গেই গিনস্‌বার্গের সাক্ষাৎ হয়েছিল, বাকিদের হয়নি। সুতরাং বিটনিক কবিদের একেবারে নকল করে বাংলায় বিংশ শতকের ছয়ের দশকে হাংরি জেনারেশন আন্দোলন গড়ে উঠেছে এমন বলা ঠিক হবে না।

বাংলা ভাষা ও সাহিত্যের ধারায় হাংরি জেনারেশন আন্দোলন বাংলার একেবারে নিজস্ব আন্দোলন। বিদেশি আন্দোলন বা বিশেষ করে বিট জেনারেশন আন্দোলনের তাঁরা কোনও বর্ধিত সংস্করণ নয়। সাহিত্যের প্রথাগত নিয়মানুবর্তিতাকে চ্যালেঞ্জ জানিয়ে বাংলা কবিতা ও ছোটোগল্পকেই হাংরি জেনারেশনের সাহিত্যিকগণ তাঁদের স্বতন্ত্র প্রকাশের পথ হিসাবে বেছে নিয়েছিলেন। বিট জেনারেশনের মতো হাংরি জেনারেশন রাজনীতির আঙিনায় নাম লেখায়নি। বিদেশি সাহিত্য ও সাহিত্যিকদের কেউ কেউ বাংলার 'ক্ষুধার্ত' সাহিত্যিকদের ওপর নেমে আসা প্রশাসনিক নজরদারির সময় সহানুভূতি জানিয়েছিলেন মাত্র। ভারতীয় বিট বলে দায়িত্ব গ্রহণ করেননি। আসলে দায়িত্ব নেওয়ার কিছু ছিল না। বিশ্ব পরিসরে বিভিন্ন ভাষায় রচিত সকল সাহিত্য ঠিক যে সূত্রে একে অপরের সঙ্গে সম্পর্কিত হাংরি ও বিট তাই-ই। তারা এক অন্যের থেকে পৃথক শুধু নতুন কিছু করতে চাওয়া সাংস্কৃতিক আন্দোলন হিসাবে সমচরিত্রের। আন্দোলন দুটির গঠন, প্রকাশ ব্যাপ্তি সম্পূর্ণ পৃথক। সাহিত্য ও সাংস্কৃতিক প্রচলিত ধারায় এমন আন্দোলন নতুন পথের সন্ধান দেয়। তাতে পৃথিবীর অন্যান্য সাহিত্য আন্দোলনের সঙ্গে বাংলার 'হাংরি জেনারেশন' আন্দোলনের যে সম্পর্কে বিট জেনারেশনের সঙ্গেও তাই। দুটি আন্দোলন স্বাতন্ত্রের ধ্বজাকেই উড্ডীন করেছে।

তথ্যসূত্র

১. উত্তম দাশ, 'হাংরি জেনারেশন : একটি সমীক্ষা', (দ্র) হাংরি শ্রুতি ও শাস্ত্রবিরোধী আন্দোলন, মহাদিগন্ত, কলকাতা, অক্টোবর ২০১৩, পৃ. ৯।

২. শৈলেশ্বর ঘোষ, 'হাংরি জেনারেশন স্রষ্টাদের 'ক্ষুধার্ত', (দ্র.) শৈলেশ্বর ঘোষ (সম্পা.), হাংরি জেনারেশনের স্রষ্টাদের ক্ষুধার্ত সংকলন, দে'জ পাবলিশিং, কলকাতা, জানুয়ারি ২০১১, পৃ. ৭।

৩. যুগান্তর পত্রিকার ১৯৬৪ সালের ১৭ই জুলাই সংখ্যা। সংগৃহীত- শৈলেশ্বর ঘোষ (সম্পা.), হাংরি জেনারেশনের স্রষ্টাদের ক্ষুধার্ত সংকলন, দে'জ পাবলিশিং, কলকাতা, জানুয়ারি ২০১১, পৃ. ৩৯।

৪. 'Report of Time Magazine', (দ্র.) সব্যসাচী সেন (সম্পা.), হাংরি জেনারেশন রচনা সংগ্রহ, দে'জ পাবলিশিং, কলকাতা, জানুয়ারি ২০১৫, পৃ. ৬০১।

৫. https://www.britannica.com/EBchecked/topic/57467/Beat-movement

৬. Steven Watson, "The Birth of the Beat Generation" (1995), p. 3

৭. মলয় রায়চৌধুরী, 'ইস্তেহার সংকলন', পৃ. ৩৩।

অভিষেক প্রামাণিক,
সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ,
নুর মহম্মদ স্মৃতি মহাবিদ্যালয়, মুর্শিদাবাদ

রাম নয় সীতার আখ্যান : নবনীতা দেবসেনের দৃষ্টিতে

অগ্নিমিতা শীল

''অলৌকিক আনন্দের ভার
বিধাতা যাহারে দেয়, তার বক্ষে বেদনা অপার
তার নিত্য জাগরণ; অগ্নিসম দেবতার দান
উর্ধশিখা জ্বালি চিত্তে
অহোরাত্র দগ্ধ করে প্রাণ।''[১]

রবীন্দ্রনাথ নিজে একজন কবি আর সেই কারণেই তিনি বাল্মীকির সাথে একাত্ম হতে পেরেছিলেন। আদিকবির সাথেই সৃষ্টির আনন্দের ভাগিদার হতে পেরেছিলেন। একজোড়া ক্রৌঞ্চপাখির প্রণয় দেখে বাল্মীকির মুখে সংস্কৃত সাহিত্যের প্রথম শ্লোক উচ্চারিত হয় এবং পুরুষ পাখিটির তীরবিদ্ধ হওয়াতে স্ত্রী পাখিটির বিলাপ, তাঁর মনে এক বিরহকাতর নারী চরিত্রের জন্ম দেয়। সেই নারীকে নিয়েই বিচিত্র চরিত্রের সৃজন ও ঘটনার সমাবেশে 'রামায়ণ' মহাকাব্য রচিত হয়। মহাকাব্যিক বিস্তার ও মর্যাদায় প্রতিষ্ঠিত হলেও 'রামায়ণ'-এ সীতার অয়ন বড়ই একপাক্ষিকভাবে পরিবেশিত হয়েছে। পুরুষতান্ত্রিক সমাজে, পুরুষের রচিত মহাকাব্যে নারীর বয়ান যে খুব উদার দৃষ্টিভঙ্গিতে লেখা হবে এমনটা আশাও করা যায় না। ত্রেতা যুগে নারীর যে অবস্থান ছিল, বর্তমান যুগের প্রেক্ষিতে তাকে মিলিয়ে দেখার চেষ্টা অনেকেই করেছেন। এই মহাকাব্য বা পুরাণের চরিত্রের নবনির্মাণ সাহিত্যের দরবারে এক যুগান্তর এনে দিয়েছে। 'রামায়ণ'-এর মত প্রসিদ্ধও জনপ্রিয় আখ্যান বারবার লেখকদের উপাত্তের যোগান দিয়েছে। সে কামাখ্যা ভট্টাচার্যের 'রাবনায়ণ' হোক বা মধুসূদন দত্তের 'মেঘনাদবধ কাব্য', চন্দ্রাবতীর 'রামায়ণ' হোক বা মল্লিকা সেনগুপ্তের 'সীতায়ণ'; এরা প্রত্যেকেই পুরাণের আখ্যান ও চরিত্রের নির্মোক ভেঙে সম্পূর্ণ নতুন ভাষ্য রচনা করেছেন। এদের প্রত্যেকের রচনাতেই জীবনের বহুমাত্রিকতা তাদের অনুভূতির ছোঁয়ায় বিচিত্র রূপে প্রকাশ পেয়েছে। কাজেই বাল্মীকি সৃষ্ট কাহিনিতে যে অবদমিত সত্য অপ্রকাশিত ছিল, পরবর্তী লেখকদের উদার দৃষ্টিভঙ্গি, তাতে নতুন দিগন্ত খুলে দিয়েছে। এই নব নির্মাণকেই দেরিদা 'ডিকনস্ট্রাকশন' প্রক্রিয়া বলেছেন, যেখানে সবরকম আধিপত্যের বিরুদ্ধে লেখনী ধরার শর্ত গড়ে ওঠে।

এপিক শব্দটির সাথে শুধু 'রামায়ণ', 'মহাভারত'-ই নয়, লোক মুখে প্রচলিত বা বিশ্রুত রূপে এসে পৌঁছনো 'ইলিয়ড', 'ওডিসি'-ও এপিকের অন্তর্গত। এই এপিকের আধিদৈবিক কর্মকাণ্ড, বীরত্ব, পৌরুষের ঝঙ্কারে নারীর অস্তিত্ব কুয়াশাচ্ছন্ন হয়ে গেছে। পুরুষের সৃষ্টিতে নারীর যে অবয়ব চিত্রিত হয়ে এসেছে, নারীর দৃষ্টিতে তা ভিন্ন স্বরূপে দেখা দিয়েছে। বিভিন্ন দশকের বহু নারীই মধ্যযুগের কাব্যকে ভেঙেচুরে নতুন রূপ দান করেছেন। নবনীতা তাদের মধ্যে অন্যতম। এবং এই স্বতন্ত্র দৃষ্টিভঙ্গির পিছনে ষোড়শ শতকের ব্রাহ্মণ দ্বিজবংশীদাসের কন্যা চন্দ্রাবতীর 'রামায়ণ' বা অন্ধ্রপ্রদেশের নেল্লরের শূদ্র গোপভরমের কন্যা মোল্লাকের তেলেগু ভাষার 'রামায়ণ'-এর অনন্য ভূমিকার প্রমাণ পাওয়া যায়। আবার মার্কসীয় দৃষ্টিভঙ্গিতে রচিত আরেক তেলেগুভাষী মহিলা রঙ্গনায়কাম্মা লিখেছেন 'রামায়ণমবিষবৃক্ষম'। কিছুটা জনসমক্ষে আসা নামগুলো বাদ দিয়েও বিভিন্ন ভাষা যেমন—তেলেগু, মারাঠি, মৈথিলীতে গ্রাম্য মেয়েদের মুখে

শীল, অগ্নিমিতা : রাম নয় সীতার আখ্যান : নবনীতা দেবসেনের দৃষ্টিতে
Open Eyes : Indian Journal of Social Science, Literature, Commerce & Allied Areas, Volume 20, No. 1, June 2023, Pages : 16-23, ISSN 2249-4332

মুখে গীত রামায়ণ গানগুলোর মধ্যেও মুখ্য হয়ে ওঠে সীতার আখ্যান। মনে রাখা দরকার ব্রাহ্মণ চন্দ্রাবতী হোক বা শূদ্র বারাঙ্গনা মল্লা বা রঙ্গনায়কাম্মা, এরা প্রত্যেকেই কখনও হয়েছেন অস্বীকৃত, কখনও রাজদরবারে প্রত্যাখ্যাত নয়তো তাকে সমাজে একঘরে করে রাখা হয়েছে। আসলে দৃঢ় শিকড় সম্বলিত ব্রাহ্মণ্যবাদ বা পুরুষতন্ত্র রামকে নিয়ে যে মিথ গড়ে তুলেছিল নারীর কলমে সেই মিথ ভেঙে টুকরো টুকরো হয়ে গেছে। সাতকাণ্ডের রামায়ণ চন্দ্রাবতীর হাতে তিনটি অধ্যায়ে পর্যবসিত হয়েছে। এবং সেখানে মুখ্যভাবে বিধৃত হয়েছে সীতার জন্ম, বিবাহ, দুঃখযাপন, সন্তান পালন, পাতালপ্রবেশের কাহিনি। নবনীতা দেবসেনের আগ্রহের বিশাল অংশ জুড়ে স্থান পেয়েছিল রাম কাহিনির বিবর্তনের নানান দৃষ্টান্ত। তাঁর 'বামাবোধিনী' উপন্যাসের অংশুমালা তাঁর নিজের একটি জ্বলন্ত প্রতিরূপ হিসেবে চিত্রিত হয়েছে; যে যুগ ধর্ম ও মিথের বিপ্রতীপে গিয়ে সীতাকে প্রতিষ্ঠা করতে চেয়েছিল।

> ''অংশুমালার ভয় না পাওয়াই স্বাভাবিক। সে যে নবনীতারই মানসকন্যা। তাকে যে সীতা থেকেই শুরু করতে হবে। রামরাজত্বেই যে সীতার মধ্যে নারীর অমানবিক অস্তিত্ব প্রকট হয়ে উঠেছেঙ্গ সেখানে রামায়ণের চেয়ে সীতায়ণের পাঠে নবনীতার সক্রিয়তা স্বাভাবিক মনে হয়।''[২]

পূর্বসূরীদের পদাঙ্ক অনুসরণ করেই বিশ শতকে রচিত হয় নবনীতার ''সীতা থেকে শুরু''। গ্রন্থের নামের মধ্যে দিয়েই লেখিকার কহতব্য বিষয়টা খুব স্পষ্ট হয়ে যায় না কী? একবিংশ শতাব্দীতে দাঁড়িয়ে মানবী বিদ্যার দৌলতে বিশ্বজুড়ে নারী সম্পর্কিত যে তথ্য উঠে আসছে তাতে এটুকু খুবই স্পষ্ট যে, সাহিত্যে নারীকে প্রান্তিকায়িত করে রাখার যে ঐতিহ্য চলে আসছে তার শুরু হয়তো সীতা থেকেই। কাজেই বিনির্মাণবাদের দ্বারা পুরনো কাব্যের নব রূপায়ণ প্রকৃতই নারীর অজানা পরিসরকে পাঠকের সামনে উন্মুক্ত করে দেয়। নবনীতা দেবসেনের 'সীতা থেকে শুরু' গল্পগ্রন্থের পৌরাণিকী অংশের 'মূল রামায়ণ', 'রাজকুমারী কামবল্লী', 'অমরত্বের ফাঁদে' এবং 'সীতার পাতাল প্রবেশ' এই চারটি গল্পের মৌলিক গঠন ও উপস্থাপনা কৌশল 'রামায়ণ' মহাকাব্যের অদৃশ্যকে দৃশ্যমান করে তোলার চেষ্টা করেছে। রামচরিতের মূল উপাখ্যানকে অক্ষুণ্ণ রেখে ব্রাহ্মণ্যবাদ ও পিতৃতন্ত্রের আড়ালে হারিয়ে যাওয়া সত্ত্বাকে লেখিকা আলোর রেখায় নিয়ে এসেছেন।

নবনীতা দেবসেনের সাহিত্য পরিবেশনের একটি অন্যতম উপাদান হল তাঁর নির্ভেজাল কৌতুকবোধ। যে কোনো গম্ভীর বিষয়কে হালকা চালে উপস্থাপন করার কৌশলই তাঁকে অন্যান্য লেখকদের থেকে আলাদা করে চিনতে সাহায্য করে। সারাবিশ্ব যখন পাশ্চাত্যের ফেমিনিজমের স্রোতে উত্তাল, তখন নবনীতা নিঃশব্দে তাঁর স্বকীয় ঢঙে প্রতিষ্ঠা করেছেন তাঁর মানসকন্যাদের। নবনীতার 'গল্পসমগ্র'-এর ভূমিকা অংশে শোনা যায় কাব্যে উপেক্ষিতাদের প্রতিধ্বনি—'এই বীর্য বাহুবল সর্বস্ব পুরুষ মানুষের যুদ্ধ কাব্যের জগতে নারীর ঠাঁই বড় করুণ।' রামায়ণের যুদ্ধবিগ্রহের কাহিনির অন্তরালে সীতার বলিদান অপরিহার্য হয়ে ওঠে, শুধুমাত্র রামকে মহাপুরুষ রূপে শ্রেষ্ঠ রাজার মর্যাদায় ভূষিত করার জন্য। বাল্মীকিও সেই ব্রাহ্মণ্যবাদের আওতায় পড়েন এবং তাঁর লেখনী ধারণের কারণও ছিল রামের অবতারত্বের প্রতিষ্ঠা করা।

২

রামায়ণ ভারতবর্ষের রাজনৈতিক, সামাজিক, পারিবারিক, সাংস্কৃতিক, ধর্মীয় পরিসরে কতগুলো আদর্শ বা আইডলচরিত্র তৈরি করে দেয়। লেখিকা 'মূল রামায়ণ' গল্পে বাল্মীকির বয়ানের সম্পূর্ণ বিপরীত একটি প্যারোডি সৃষ্টি করেছেন যেখানে বাল্মীকি নিজেই গল্পের একটি চরিত্র। এবং রামায়ণের পুরুষদের পৌরুষ প্রমাণের দায়িত্বও যেন বিধি তাঁরই ঘাড়ে বর্তেছেন। রামচন্দ্র তো সীতা বিহনে শোকেই মুহ্যমান, স্ত্রীকে উদ্ধার করতে যাওয়ার বলই নেই তাঁর শরীরে, মনে।

হনুমানের পর্যবেক্ষণ এক্ষেত্রে খুবই গুরুত্বপূর্ণ। রাবণের দৃপ্ত পৌরুষের দীপ্তি ঘুমন্ত অবস্থাতেও জ্বাজ্জল্যমান, সেখানে রামের ব্যক্তিত্ব বড়ই ক্ষীণ। হনুমান রামভক্ত হলেও সৎ, তাই তাঁর অকপট স্বীকারোক্তি—

> ''যতই ভালোমানুষ হন, যতই নারায়ণের বংশে তাঁর জন্ম হোক, রামচন্দ্র তো এক জটাজুটবাঁধা চীরবসনপরা গৃহী-সন্ন্যাসি টাইপের রাজ্যহীন রাজা-রাবণরাজার মতো জম্পেশ চেহারা তাঁর নয়। রাম তো কেঁদেই ভাসাচ্ছেন হা সীতা! যো সীতা! করে।''[৩]

উপরন্তু একটি মানুষের স্বাচ্ছন্দ্যে থাকবার জন্য যা যা প্রয়োজন লঙ্কায় সীতার সেবায় তার অতিরিক্তই উপস্থিত ছিল। কাজেই হনুমানের খুব স্বাভাবিকভাবেই মনে হয়েছে রুমাদেবী বা তারাদেবী হলেও কখনই ফিরতে চাইতেন না—

> ''বেশ তো আছেন সীতা এখানে! তিনি কি আর বনে বাদাড়ে ফলমূল ভোজন আর কুশাসনে শয়ন করবার জন্যে ফিরতে চাইবেন?''[৪]

কথিত আছে নারী হৃদয় সোনায় বশীভূত; কিন্তু এদিকে লঙ্কায় আসার পথে নিজের অলঙ্কার ছড়াতে ছড়াতে এসেছেন সীতা, স্বামীকে পথনির্দেশ দেওয়ার জন্য। কোনো হিসেবেই যেন, ঠিক সীতার সনাক্তকরণ করা যাচ্ছিল না। কিন্তু তারপরেই তিনি সচেতন হন মনুষ্য সমাজের রীতি-নীতির বিষয়ে, নারীর সতীত্বের শুচিতার বিষয়ে। যে সতীত্বের প্রশ্ন সীতার ললাটে খাঁড়ার মতো ঝুলতে থাকে আজীবন—

> ''মানুষদের সমাজে মেয়েদের সতীত্ব নিয়ে বড্ড কড়াকড়ি, ইচ্ছে করলেও চট করে সাহস পাবে না মেয়েরা পরপুরুষ গমন করতে।''[৫]

হনুমান পশু সমাজের অন্তর্গত এবং মানুষের মধ্যে এই একগামিতা সামাজিকভাবে অর্জিত। তাই তাঁর এ ধারণা গর্হিত নয়। তাছাড়াও নারীর জন্য তৈরি হওয়া ধর্মীয় সামাজিক ঘেরাটোপের ইঙ্গিতও পাওয়া যায় এই কথাটির মধ্যে দিয়ে। রামের আংটি এবং হনুমানের 'মা জননী' সম্বোধনে আশ্বস্ত হয়ে সীতা দেবী গাছকোমর করে শাড়ি জড়িয়ে তাঁর পিঠে চড়ে বসলেন। আসলে নবনীতা রামায়ণ মহাকাব্য সৃষ্টির পটভূমিকেই বদলে, একটি সরল সমাধানে রাম রাবণের যুদ্ধকে স্থগিত করে দিতে যাচ্ছিলেন। বাল্মীকি এসে বাধ সাধলেন। রামের 'ধর্মসংস্থাপন' এবং বাল্মীকির রামায়ণ রচনা দুটোই রসাতলে চলে যাচ্ছিল আর একটু হলে। সাধারণ মানুষ হলে প্রাণের মানুষকে অক্ষত অবস্থায় ফিরে পাওয়াটাই একমাত্র উদ্দেশ্য হতো; কিন্তু আমরা কথা বলছি যুগাবতার রামচন্দ্রের বিষয়ে। কাজেই তুচ্ছ স্ত্রীকে ফিরে পাওয়াটা হয়ে যায় গৌণ, প্রকৃত উদ্দেশ্য পৃথিবীর ভার লাঘব করা। ফলতঃ বাল্মীকির তিরস্কারে রাম লঙ্কায় অবনত মস্তিষ্কে বসে রইলেন। কিন্তু নবনীতার সীতার জন্য পেলব, কোমল, স্বল্পবাক এই বিশেষণগুলো যায় না। তাঁর সীতা ফেমিনিজমের সন্তান, তাই যখন বাল্মীকি বলেন—

> ''সুলক্ষণা রাজকন্যা রাজবধূ হয়ে, একটা সামান্য মুখপোড়া হনুমানের গলা ধরে ঝুলে পড়তে আপনার লজ্জা ঘেন্না হল না?''[৬]

সীতা গর্জে ওঠেন। লক্ষ্মীর অংশে নিজের জন্মের কথা মনে করিয়ে, সন্তানসম পশু হনুমানকে নিয়ে অশোভন প্রসঙ্গ উত্থাপনের জন্য তাঁর পূর্ব পেশার খোঁটা দিতেও ছাড়েন না। পিতার আশ্রয়ে থাকাকালীন পুরুষ ঘোড়া, পুরুষ হাতির পিঠে চড়ার প্রসঙ্গও বাল্মীকির যুক্তিকে খড়কুটোর মতো উড়িয়ে দেয়। মুনিত্বে উন্নীত হলেও মানসিকতার উন্নতি ঘটেনি, উইপোকামুনি প্রভৃতি কটূকথা বাল্মীকিকে শুনিয়ে মনের আশ মিটিয়ে সনাতন ধর্ম রক্ষার জন্য আবার তিনি চললেন পঞ্চবটীতে। মুখরা সীতার তেজ এবং যুক্তিতে হতবাক ও নাজেহাল বাল্মীকি মুনিও বিনা উদ্‌গারে বাক্যবাণ হজম করে নেওয়ার মানুষ নন।

৩

রাম-রাবণের যুদ্ধকে নিরঙ্কুশ রেখে বাল্মীকির কাব্যচর্চা শুরু হল। কিন্তু আমরা সবাই জানি এই বৈরিতার সূত্রপাত রামের তরফ থেকেই। রাবণ অযোধ্যায় উজিয়ে গিয়ে সীতাকে হরণ করেনি। রাক্ষসদের বিচরণ ক্ষেত্রেই রাম এসে ঘাঁটি গেড়ে বসবাস শুরু করেন এবং দশাননের ভগিনী শূর্পনখাকে অপমানের সূত্র ধরেই সাতকাণ্ড রামায়ণের সূত্রপাত। আদিম সমাজে মাতৃতন্ত্রের প্রাধান্য সর্বজনবিদিত। বনে নাগরিক সভ্যতার আইন চলে না, সেখানে প্রকৃতির নিয়মে সময় অতিবহিত হয়। তাই সেখানে লক্ষ্মণ রাম-সীতাকে খাইয়ে তবে খেতে বসেন। এমনই এক নিস্তব্ধ দুপুরে সীতা তখন স্নানে গেছেন, খিদেয় রাম, লক্ষ্মণের পাকস্থলি হজম হওয়ার জোগাড়; ঠিক সেই সময় এসে উপস্থিত হলেন—

> ''কামবল্লী, ব্রহ্মার প্রপৌত্রী, বিশ্রবার কন্যা, লঙ্কাপতি রাবণ, ধনপতি কুবের, মহাবলী কুম্ভকর্ণ, মহাজ্ঞানী বিভীষণ''[৭]

এর বোন। এমন জাঁকজমকপূর্ণ ইন্ট্রোডাকশনের মধ্যে দিয়েই বোঝা যায় যে কোনো হেভিওয়েট ক্যারেকটারের আগমন ঘটতে চলেছে। কামবল্লী নামটার মধ্যেই কামের ঝলক আছে। কামবল্লী ওরফে শূর্পনখা রামের সৌকুমার্যে আকর্ষিত হয়ে তাকে প্রেম নিবেদন করেন, যা সুলক্ষণা নারীর বৈশিষ্ট্যের মধ্যে পড়ে না। রাঘবভ্রাতাদের সমক্ষে বিষয়টি অশোভন মনে হলেও অকর্ষণীয় লেগেছিল। রাক্ষসকুলের প্রত্যেককেই রূপ, যৌবন, সৌন্দর্য, বল, অস্ত্র সবই কৃচ্ছসাধনের ফলে অর্জন করতে হয়; আর্যদের মতো কিছুই জন্মসূত্রে প্রাপ্ত নয়। কামবল্লী স্বাধীনচেতা, প্রভাবশালী, বলশালী অথচ রূপ ও উছলে পড়া যৌবনের চ্ছটায় মূর্ছা যাওয়ার জোগাড়; গুণের এমন বিচিত্র সমাহারের সাক্ষী, সূর্যবংশীয় রামচন্দ্র এর আগে হননি— ''তিনি সহসা কাম-শিহরিত হলেন।''[৮] বিষ্ণুর অংশে জন্ম রামচন্দ্রের, সীতা ভিন্ন অন্য নারী গ্রহণ করতে পারবেন না। অর্জুনের বিষয়টা ছিল ভিন্ন তাছাড়া সাথে কৃষ্ণের প্ররোচনাও ছিল। তাই বেচারা রামচন্দ্র সীতা না আসা পর্যন্ত 'গোপন রোমাঞ্চ'কে গোপন রেখে একটু রঙ্গ তামাশাতেই মনোনিবেশ করলেন। ফলতঃ খুব স্বাভাবিকভাবেই তিনি যে বিবাহিত, তাঁরও যে একটি অনন্যসুন্দরী, গুণসম্পন্না স্ত্রী আছে সেকথাটি বেমালুম চেপে গেলেন। কামবল্লীর সপ্রতিভ সরল সমর্পণের প্রস্তাবে রাম প্রায় দেড় গজি অজুহাতের ফিরিস্তি শোনালেন এবং তার ফিরতি ক্ষুরধার যুক্তিতে অপ্রতিভও হলেন; কিন্তু সীতার উল্লেখ ভুলেও করলেন না। সীতাপতি সম্প্রদানের অজুহাত দেখালে, কামবল্লীর জানায়—

> ''হে রামচন্দ্র, আমি তো অবলা, পুরুষশাসিতা, তুচ্ছ নারী নই। আমি সবলা, স্বাধীনা, মুক্ত রমণী। অন্যে আমাকে সম্প্রদান করবে কেন? আমি নিজেই নিজের অধিকারিণী।''[৯]

কথাগুলো খুব কঠিন কিন্তু সত্য, যার স্বীকৃতির জন্য যুগের পর যুগ লড়াই করে যেতে হচ্ছে। বর্তমানে অবশ্য মহিলা পুরোহিত এবং সম্প্রদানহীন বিবাহের অনেক নজিরই পাওয়া যায়। নবনীতার মানসকন্যারা অবশ্য আগেভাগেই সে কথা জাহির করেছে। তাই স্বাভাবিক নিয়মেই ষোলকলায় পূর্ণ সিক্তবসনা সীতাকে দেখার প্রথম প্রতিক্রিয়া হিসেবে কামবল্লীর অন্তর্দাহ তীব্রতর হল। কিন্তু স্বাধীনা কামবল্লী পূর্বেই বলেছে যে সে 'তুচ্ছ নারী' নয়; যথেষ্ট বুদ্ধিমতী। কাজেই তার রামের রহস্যালাপের তাৎপর্য বুঝতে আর দেরি হল না এবং মনুষ্যসুলভ পরশ্রীকাতরতা সত্ত্বেও এটা উপলব্ধি করার সামর্থ্য তার ছিল, যে—''শুধু শূর্পনখাকেই নয়, সীতাকেও প্রতারিত করেছেন রামচন্দ্র''।[১০] আর তাই প্রাণের স্বাভাবিক প্রবৃত্তিবশত হৃদয়ের ক্ষতর উপশম খুঁজতে শূর্পনখাও বিপথে পা বাড়ায়। আর্যদের পিতৃতান্ত্রিক সভ্য সমাজে নারীর আবরণহীন প্রেমপ্রস্তাবের সাথে নাগরিক সমাজে বড় হওয়া লক্ষ্মণ অভ্যস্ত না। তার উপর স্ত্রী ছাড়া রাজধানীর বাইরে এসে না পাচ্ছেন কোনো সেবা-শুশ্রুষা, না পছন্দসই খাদ্যদ্রব্য। উপরন্তু দাদা বৌদির সেবায় যৌবন চলে যাচ্ছে। পুরুষের খিদে নিয়ে তৈরি হওয়া মিথ অনুযায়ী পুরুষের উদরপূর্তির পথে বাধা এলে খুনোখুনিও হয়ে যেতে পারে। রবীন্দ্রনাথের 'শাস্তি' গল্পেও ক্ষুদ্র

জঠরের আগুন চিতার আগুনে পর্যবসিত হয়েছিল; এখানে আমরা কথা বলছি সূর্যবংশের বংশধর ক্ষত্রিয়কুলের প্রদীপ লক্ষ্মণের খিদের বিষয়ে। কাজেই রাজসভার প্রেয়সীদের ইনিয়ে বিনিয়ে প্রেম নিবেদনের বিপরীতে কামবল্লীর—

> "আমি কামপীড়িতা, রতিচঞ্চলা হয়ে আপনার কাছে এসেছি। রতিপ্রার্থিনীকে প্রত্যাখ্যান করা মহাপাপ।"[১১]

ইত্যাদি বাক্যে লক্ষ্মণের ব্রহ্মতালু জ্বলে ওঠে। এরপরের অগ্নিবর্ষী বাক্যালাপে পিতৃতন্ত্র ও মাতৃতন্ত্রের এক অসম যুদ্ধচলে।

> "ছি ছি ছি ছি এ-সব কথা কদাচ কোনও রমণী কি কোনও পুরুষকে সেধে সেধে বলে? অ, আপনি নিশ্চয় রাক্ষসকুলের বারাঙ্গনা হবেন। না না আমাদের কাছে অর্থ নেই।"[১২]

একটি নারীকে সর্বোচ্চ পর্যায়ে অপমান করবার মতো যথেষ্ট রসদ এই বাক্যে উপস্থিত। নারীর ওপর আরোপিত 'আত্মসম্ভ্রম, লজ্জা শরম, আত্মসংযম' অরণ্যে বিচরণকারী রাক্ষসকুলের নারীর ক্ষেত্রে প্রযোজ্য নয়। তাই সে তার সহজ সারল্যের সাথে প্রশ্ন করে—

> "প্রণয়ে যখন ধমনীর রক্ত গরম কটাহে তেলের মতো টগবগ করে ফুটছে, তখন লোকলজ্জার প্রশ্নই ওঠে না রাজপুত্র। আর প্রণয় নিবেদনের মধ্যে আত্মসম্ভ্রম বিসর্জন দেবার কথা আসে কেন? রাজপুত্রেরা তো রাজকন্যাদের হামেশাই প্রণয় নিবেদন করছেন। তাঁরা তাতে লজ্জাও পান না, অসম্মানিতও হন না, লোকচক্ষুর ভয়ও করেন না? আমিও তো রাজকন্যা!"[১৩]

এই প্রশ্নগুলোর মধ্যে দিয়েই নবনীতার নীরব বিপ্লব চোরাস্রোতের মতো বহমান।

নারী-পুরুষের বৈষম্য প্রকৃতিদত্ত নয় বরং মনুষ্য সৃষ্ট। লক্ষ্মণ তাই এই সহজ প্রশ্নের মুখে নাজেহাল হয়ে বাপঠাকুরদা তুলে গালমন্দ করতে থাকে। কামবল্লীর অনন্য গুণাবলীর কথা শুনে তাকে আত্মরক্ষার কৌশল, অস্ত্রশিক্ষা বা যোগব্যায়ামের দিদিমণি হওয়ার পরামর্শ দেয়। আর কাম তাড়নার রোগ মেটাতে হাকিমের কাছে, নইলে আচার, বড়ি, পাঁপড় তৈরিতে মনোনিবেশ করার উপদেশ দেয়। স্ত্রীলোকের প্রণয়পীড়ার বিষয়ে লক্ষ্মণের বক্তব্য বা বলা ভাল পুরুষ নির্মিত সমাজের বক্তব্য খানিকটা এরকম—

> "স্ত্রীলোকের আবার কামজ্বর! ওটা কেবল পুরুষের অস্বাচ্ছন্দ্য বুঝলি, পৌরুষজনিত ব্যাধি। ঠিক ব্যাধিও বলব না, বংশবৃদ্ধির জন্য অবশ্য-প্রয়োজনীয় স্নায়বিক প্রতিক্রিয়া।"[১৪]

যৌনতা নিয়ে এই মিথ দীর্ঘদিন ধরে তার শিকড় বিস্তৃত করে চলেছে; যার শিকার মূলত নারীরাই। শূর্পনখা এই পরনির্ভরশীল মানুষীর মতো শোকে মূর্ছা যাওয়ার নারী নয়, এক অক্ষৌহিণী সেনার বিপক্ষে সে একাই যথেষ্ট। কাজেই যখন এসব আবেদন নিবেদন নীতি ছেড়ে শূর্পনখা যখন রাম-সীতাকে আস্ত গিলে দেখাল, তখন লক্ষ্মণ নিরূপায় হয়ে আত্মসমর্পণে রাজি হল। কিন্তু যে মুহূর্তে কামবল্লী দুষ্প্রাপ্য শক্তি ত্যাগ করে প্রণয়িনীর বেশে লক্ষ্মণের বাহুতে নিজেকে সমর্পণ করল, সেই মুহূর্তের সুযোগে লক্ষ্মণ তার নাকটা কামড়ে শরীর থেকে আলাদা করে দিল। যন্ত্রণায়, প্রতারণায় মর্মাহত কামবল্লী বিলাপ করতে থাকে—

> "আমি এই জীবনে আর কখনও প্রেম করতে সাহস পাব না। কোনও পুরুষকে কি বিশ্বাস করা যাবে না? এমন-কি যখন তুমি তার অঙ্কশায়িনী, তখনও নয়?"[১৫]

এই প্রশ্নের উত্তর নিয়ে সীতা সান্ত্বনা দিতে ছুটে এলেন—

> "প্রতারণা, প্রবঞ্চনা, এ তো এই নারীজীবনের অঙ্গ, ভগ্নী কামবল্লী, এতে ভেঙে পড়তে নেই।"[১৬]

প্রেমের কুহেলিকায় নিজেকে কানাকড়ির মূল্যে বেচে দেওয়া, এ তো নারীর সাধারণ বৈশিষ্ট্য বা অন্যতম দোষাবলির একটি। তবে শরীর ও মনের আঘাত দুই নারীকে কাছাকাছি এনে দেয়। শূর্পনখার সীতাকে দেওয়া সতর্কবার্তা কতখানি

প্রাসঙ্গিক তা পাঠক বিলক্ষণ জানেন—

> ''এই স্বামী, এই দেবর, এরা কেউই নির্ভরযোগ্য নয়। এরা তোমাকে তোমার দুঃসময়ে পরিত্যাগ করবে। জীবনে যদি সুযোগ আসে এই প্রতারক রামচন্দ্রকে পরিত্যাগ করতে দ্বিধা কোরো না।''[১৭]

আসলে জীবনের শেষ কথা যে ভাল থাকা, শূর্পনখা তা বুঝতে পেরেছে; সীতার এই উপলব্ধি আরো কিছুটা সময়সাপেক্ষ বিষয়।

৪

সীতা-রাম লক্ষ্মী ও বিষ্ণুর অবতার; এই অবতারত্বের জন্যই সীতা মহাকাব্যের নায়িকা, তাঁর কষ্ট ও গ্লানিবোধ তাকে অমর করে রেখেছে। শত পীড়ার শেষেও, যুগ-যুগান্তর পরেও মানুষের মনে বেঁচে থাকার স্পৃহা দেবতা থেকে মানুষ সকলের জন্যই দুর্দমনীয়। সীতাও তার ব্যতিক্রম নয়। রাম-রাবণের যুদ্ধ চলাকালীন ইন্দ্রজিতের নাগপাশে রাম-লক্ষ্মণ যখন হতচেতন, সেই সময়ের সীতার মনোলোকের বিবর্তন এই কাহিনির উৎস। পতির গরবে গরবিনী সীতা সন্ত্রস্ত হয়ে পুষ্পকরথে চড়ে পতি ও দেবরকে দেখতে যান; কিন্তু ঘটনাস্থলে রামের চেতনা ফিরে পাওয়া ও ভ্রাতার উদ্দেশ্যে বিলাপ তার চিন্তার জগতকে নাড়িয়ে দেয়।

> ''তুচ্ছ লাভের আশায় সুমহৎ ক্ষতি হয়ে গেল। সীতা গেছে যাক গে, অমন কত সীতাই আমার হবে, কিন্তু লক্ষ্মণ ভাইটি তো আর হবে না?''[১৮]

এই শেলসম বাক্য শোনার পরেও সীতার চেতনাতে আঘাত হানতে পারে না। এই নারীই তো পিতৃতন্ত্রের সন্তান, ব্রাহ্মণ্যবাদের পরাকাষ্ঠা। স্বামীর প্রতি বিশ্বাস, গর্ব, অহংকারে সীতা সত্যকে উপেক্ষা করে। স্ত্রীর উপর স্বামীর অগ্রাধিকার সমাজস্বীকৃত। এর বাত্যয় ঘটলে স্ত্রীর সতীত্বে প্রশ্ন ওঠে; কিন্তু যখন স্ত্রীর অধিকারের কথা ওঠে তখন সেটা লঘু হয়ে যায়। ত্রিজটার ও সরমার কথায় যখন সীতার সম্বিত ফেরে তখন প্রেম, সতীত্ব সমস্ত তাঁর কাছে মিথ্যা হয়ে যায়। এই ''পুরুষশাসিত সমাজে নারী ক্রীড়নক মাত্র''[১৯]—এই উপলব্ধি থেকে সীতা আত্মহত্যায় প্রবৃত্ত হলে, স্বয়ং নারদ নেমে এসে তাঁকে নিরস্ত করেন। নইলে সৃষ্টির হিসেবে গণ্ডগোল হয়ে যাওয়ার উপক্রম; 'কসমিক অর্ডার' রক্ষার জন্য এখনও যে সীতার আরো অনেক ভোগান্তি বাকি। তবে পুরুষ-প্রতিনিধি নারদ এটা স্বীকার করেছেন যে—''নারীর জীবন কত নিরানন্দ, কত ফাঁপা, তা জেনেও তো সে অমরত্বের ফাঁদে পা দেয়-!''[২০]

৫

এত বাধা সত্ত্বেও রামের প্রতি সীতার একনিষ্ঠতা কেউ টলাতে পারেনি, রাবণের পৌরুষ, তাঁর ব্যক্তিত্ব, রামের প্রবঞ্চনা কোনোকিছুই না। কিন্তু তার ফলাফল অন্তসত্বা অবস্থায় সীতার নির্বাসন। একক মাতৃত্বে সন্তানদের বড় করলেও জিন তার বৈশিষ্ট্য প্রকাশ করতে থাকে। ইক্ষ্বাকুবংশের বংশোধর সন্ন্যাসীর আশ্রমে বড় হয়েও, রাজসভার চাকচিক্য থেকে শত যোজন দূরে থেকেও তাদের মধ্যে ক্ষত্রিয়োচিত শৌর্য প্রকাশিত হতে থাকে। ফলতঃ অশ্বমেধ যজ্ঞের ঘোড়া আটকে নিজের বংশকে নির্মূল করে, লব কুশ ইক্ষ্বাকুবংশ ও তাদের পারিষদবর্গকে মায়ের চরণে আশ্রয় নিতে বাধ্য করে। কিন্তু এই দীর্ঘ বনবাসে সীতার চিন্তা-ভাবনায় অনেক স্বচ্ছতা এসেছে। অযোধ্যাবাসীর তাকে মন থেকে গ্রহণ করতে না পারা, রামের অন্তসত্বা স্ত্রীকে ত্যাগ করা এবং কোনোদিন নিজ বংশজদের খোঁজ না নেওয়া—এসবই তাঁর অনিশ্চিত জন্মবৃত্তান্তের ফল নয় কি?

> ''সীতা ক্ষেত্রজা ক্ষেত্রে তাঁর জন্ম। কিন্তু কোন ক্ষেত্রে, সত্যি কথাটা কেউ জানে না, একমাত্র জনক

রাজা ছাড়া। দেবী বসুমতী কেনই বা জনকরাজার সঙ্গে দৈহিক সম্পর্ক গড়তে যাবেন? তিনি অপ্সরা নন, কিন্নরীদের মতো চপলস্বভাবা নন।''[২১]

এই চিন্তার সূত্র রক্ষণশীল ব্রাহ্মণ্যতন্ত্রের আরো গভীরে নিয়ে যায়; সাহিত্যে এর প্রমাণ মেলে সেই চর্যাপদের যুগ থেকেই। যেখানে সমাজের ক্ষমতাবান পুরুষ শ্রেণির যথেচ্ছাচারে কোনো দোষ হয় না—

''কিন্তু সীতার মা বসুমতী দেবী কে? নিশ্চয় এমন কেউ, যাঁর সৌন্দর্য জনককে পাগল করেছিল? কিন্তু যাঁর নিম্নবর্ণ তাঁকে রাজপ্রাসাদে নিয়ে যেতে দেয়নি।''[২২]

কথাগুলো খুবই তিক্ত কিন্তু ঘোর বাস্তব। মানবকন্যা অন্য কোনো ক্ষেত্রে নয়, মানবীর গর্ভেই জন্ম নেয়। আর পুরুষনির্মিত সমাজে সেই মানবীর সম্মানজনক পরিচিতি দেওয়া সম্ভব নয়, তাই জনকও সীতার পরিচয় দেন এইভাবে— ''এঁকে আমার জ্যেষ্ঠা কন্যা বলে পরিচয় দিয়ে থাকি''[২৩]। জন্ম পরিচয় মানব সমাজের আদি অকৃত্রিম একটি পরিচয়, পরবর্তীতে যা বৈষম্য সৃষ্টির মূল আধারে পরিণত হয়। রামও হয়তো এই কারণেই চাননি ইক্ষ্বাকুবংশের সন্তান সীতার গর্ভে জন্মাক, তাই সীতাত্যাগের পর তাঁর ও তাঁর সন্তানদের জীবন্মৃত্যুর খোঁজও কোনোদিন নেননি। আজকের সীতা আর 'মাটির মানুষী নেই।' লক্ষ্মণ, ভরত, শত্রুঘ্ন, জাম্বুবান, হনুমান এমনকি বাল্মীকির আদেশ ও অনুরোধকে নস্যাৎ করে সীতা বলে—

''জনপ্রিয়তার লালসায় শ্রীরামচন্দ্রের ধর্মাধর্মজ্ঞান ছিল না। তিনি বিনা অপরাধে আমাকে প্রবঞ্চনাপূর্বক অযোধ্যাপুরী থেকে নির্বাসন দিয়েছিলেন। আমার গর্ভে তাঁর সন্তান ছিল, সে কথা জেনেশুনেই। অগ্নিপরীক্ষায় উত্তীর্ণ পত্নীকে যিনি স্বমহিমায় জন-সমক্ষে প্রতিষ্ঠিত করতে পারেন না, সেই দুর্বল, প্রবঞ্চক, অসাধু প্রেমিকের অন্নবস্ত্র আশ্রয় আম'র আর আকাঙ্ক্ষিত নয়।''[২৪]

স্বল্পবাক, সুলক্ষণা, সহনশীল সীতার মুখে নিজের জন্য এইসব বিশেষণ শুনে, রামচন্দ্রের প্রেম তখন প্রতিহিংসায় পর্যবসিত হয়েছে। জনপ্রিয়তা লোলুপ রামচন্দ্রের অন্তসত্বা স্ত্রীকে ত্যাগ করা তাঁর পৌরুষের ক্ষেত্রে হানিকারক নয়, কিন্তু স্ত্রীর গঞ্জনা সহ্য করা প্রবল অপমানজনক। বাল্মীকি সীতাকে অশ্বমেধ যজ্ঞস্থলে নিয়ে আসলে তাঁকে আবার অগ্নিপরীক্ষায় উত্তীর্ণ হতে বলা হয়। লাঞ্ছনা, অবমাননা সহ্যের শেষ সীমায় পৌঁছলে সীতা সভাস্থল ত্যাগ করতে চায়; আর ঠিক তখনই রামচন্দ্রের চক্রান্তে বিশ্বকর্মার সাহায্যে স্বর্ণসিংহাসনসহ সীতা গোপন সুড়ঙ্গ দিয়ে সরযূর গর্ভে বিলীন হয়ে যায়। নারী ও তার উচ্চকিত কণ্ঠ দুটোই অবদমিত রয়ে গেল আরো কয়েকশ বছরের জন্য, জয় জয়কার হয় মেকি সতীত্বের, ব্রাহ্মণ্যবাদ ও পুরুষতন্ত্র দীর্ঘজীবী হয়।

আসলে নবনীতা বুঝতে পেরেছিলেন রামতন্ত্র যেভাবে রাজনীতি, সমাজনীতি, পারিবারিক নীতিতে তার একাধিপত্য স্থাপন করে এসেছে, তাকে চোখে আঙুল দিয়ে দেখাতে চাইলে, তার বিপরীতে অন্য রামায়ণ রচনা করা দরকার। চিরকাল মানবিক ধর্মের অবক্ষয়ের প্রথম শিকার হয় নারীরা। তাই তাঁর অন্য রামায়ণে নবনীতা ধ্রুপদী শোকগাথার নায়িকা জানকীর মুখে ভাষা বসিয়েছেন। তাঁর সীতা একজন রক্ত-মাংসের মানুষ, যে রামের কলুষতাহীন চরিত্রে প্রশ্ন তুলেছে, তলিয়ে ভেবেছে পিতৃতন্ত্রের সঙ্কীর্ণতাগুলোকে নিয়ে। কাব্যে উপেক্ষিতা শূর্পনখাও, মধুসূদনের 'বীরাঙ্গনা'র মতো লেখিকার চোখেও এক অনন্য ব্যক্তিত্বময়ী চরিত্র রূপে প্রতিষ্ঠা পেয়েছে, যে অকপট অনুভূতির সাথে নির্দ্বিধায় লক্ষ্মণকে প্রেম নিবেদন করতে পারে—'কায়, মনঃ, প্রাণ আমি সঁপিব তোমারে!' নবনীতা তাঁর উদার, দরদী মন ও সরস গল্প পরিবেশনের ভঙ্গিমায় পৌরাণিক রামায়ণকে আধুনিক সীতায়ণে নবজন্ম দিয়েছেন। যেখানে পুরুষতন্ত্রের আরোপিত দেবীত্বের বিনির্মাণের মধ্যে দিয়ে নারীর মনস্তত্ত্বে ধরা পড়েছে সীতার দ্রোহ। গল্পগুলোর শুরুতে পাওয়া সূক্ষ্ম হিউমার, শেষে এসে গভীর অনুধাবনের স্তরে নিয়ে যায় পাঠককে।

তথ্যসূত্র :

১. রবীন্দ্রনাথ ঠাকুর, রবীন্দ্র রচনাবলী পঞ্চম খণ্ড, 'ভাষা ও ছন্দ', 'কাহিনী', বিশ্বভারতী, কলকাতা, তৃতীয় মুদ্রণ আষাঢ় ১৩৬২, পৃ. ৯৩।
২. https://pagefournews.com/feminist-thinker-nabanita-devsen/
৩. নবনীতা দেবসেন, ''সীতা থেকে শুরু'', 'মূল রামায়ণ', আনন্দ পাবলিশার্স, কলকাতা ৭০০০৫৪, দ্বিতীয় সংস্করণ মার্চ ২০০০, পৃ. ১৬।
৪. তদেব, পৃ. ১৬।
৫. তদেব, পৃ. ১৭।
৬. তদেব, পৃ. ২০।
৭. তদেব, পৃ. ২৫।
৮. তদেব, পৃ. ২৫।
৯. তদেব, পৃ. ২৭।
১০. তদেব, পৃ. ২৮।
১১. তদেব, পৃ. ৩১।
১২. তদেব, পৃ. ৩১।
১৩. তদেব, পৃ. ৩১।
১৪. তদেব, পৃ. ৩২।
১৫. তদেব, পৃ. ৩৪।
১৬. তদেব, পৃ. ৩৪।
১৭. তদেব, পৃ. ৩৬।
১৮. তদেব, পৃ. ৪০।
১৯. তদেব, পৃ. ৪৩।
২০. তদেব, পৃ. ৪৪।
২১. তদেব, পৃ. ৪৯।
২২. তদেব, পৃ. ৪৯।
২৩. তদেব, পৃ. ৪৯।
২৪. তদেব, পৃ. ৫৫-৫৬।

অগ্নিমিতা শীল
গবেষক, বাংলা বিভাগ,
বর্ধমান বিশ্ববিদ্যালয়

শক্তি চট্টোপাধ্যায়ের 'হে প্রেম হে নৈঃশব্দ্য' : কবির প্রেমচেতনার স্বরূপ-সন্ধান

সুব্রত মাহাত

কবি শক্তি চট্টোপাধ্যায়ের কাব্যরচনার সূচনালগ্নে যে দুটি কবিতা তাঁকে প্রথম কবি হয়ে ওঠার সার্থক স্বীকৃতি এনে দিয়েছিল, সে দুটি কবিতা হল 'যম' ও 'সুবর্ণরেখার জন্ম'। 'যম' কবিতাটিতে মৃত্যুবোধের কথা স্থান পেলেও 'সুবর্ণরেখার জন্ম' কবিতায় লিপিবদ্ধ হয়েছে ভালবাসার কথা—'আমি তার ভালোবাসার শব গ্রহণ করলাম এক অক্ষম জরদগব পাহাড়ের নিচে।' 'কৃত্তিবাস' পত্রিকার সপ্তম সংকলনে এই গদ্য কবিতাটি প্রকাশিত হয়। দুর্লভ কোন সুখের কথা, গভীর গোপন কোন ভয়ের কথা, আর শরীর-সম্পৃক্ত আশ্লেষে জড়ানো ভালবাসার কথা স্থান পেয়েছে কবিতাটিতে। সমগ্র কবিতাটি জুড়ে রয়েছে প্রেম বা এক প্রেমিকের জন্মবৃত্তান্ত—'.... ভয়ের মেঘ স্বেদ হয়ে ঝরে। ভিন্ন করতে ভুলে যাই আমার সর্বস্ব। গুণ্ঠনের চিক ভেঙে, ভোর হয় গগনভেরী পাখিদের তিতিরের শ্রুতির দুয়ারে বাজে সুবর্ণরেখার জন্ম। তাকে প্রেম বলি।' জনৈক সমালোচক লিখেছেন—

> ''কৃত্তিবাস-এ মুদ্রিত সেই কবিতাটির নাম ছিল 'সুবর্ণরেখার জন্ম', কবিতার ভিতরে ছিল কোনও প্রেম বা প্রেমিকের জন্ম, আর পাঠকের সামনে সে ছিল যেন এক নতুন কবির জন্ম, ১৩৬৩ সালের সেই বৈশাখে।''

প্রেম বা ভালবাসা দিয়েই কবি শক্তি চট্টোপাধ্যায়ের কাব্য রচনার সূত্রপাত হয়। তাঁর প্রথম প্রকাশিত 'হে প্রেম হে নৈঃশব্দ্য' (১৯৬১) কাব্যগ্রন্থটির মূল বিষয় প্রেম। এই কাব্যগ্রন্থটির অধিকাংশ কবিতায় প্রেমের কবিতা। কাব্য শিরোনামটির মধ্যেও সেই ইঙ্গিত রয়েছে। 'প্রেম' এবং 'নৈঃশব্দ্য' এই দুটি শব্দের মধ্যে বৈপরীত্য থাকলেও একে অপরের পরিপূরক। নৈঃশব্দতার মধ্যে দিয়েই প্রেমের গভীরতা বৃদ্ধি পায়। মানুষের জীবনে যখন প্রেম আসে তখন নিঃশব্দ পদক্ষেপেই আসে। কেউ প্রেমের আগমন জানতে পারে না। শক্তি চট্টোপাধ্যায়ের নিঃশব্দচরণে প্রেম, অস্ত্রের গৌরবহীন একা কবিতাতেও আছে—

> ''নিঃশব্দচরণে প্রেম এসেছিলো দুয়ার মাড়িয়ে-
> ঘরে ও ঘরের বাইরে তখন ছিলো না অন্ধকার
> আলো ছিলো, ভালো ছিলো ছিলো তা, যা থাকে না কখনো
> একটি মানুষ ছিল সুন্দরের অপেক্ষায় বসে—''

আবার রবীন্দ্রনাথের একটি গানেও আছে—'প্রেম এসেছিল নিঃশব্দচরণে'। 'হে প্রেম হে নৈঃশব্দ্য' কাব্যগ্রন্থটি ছাড়াও শক্তি চট্টোপাধ্যায়ের একটি কাব্যগ্রন্থের নাম 'ভালোবাসা' শব্দটি যুক্ত করে হয়েছে। সেটি হল 'ভালোবেসে ধূলায় নেমেছি' (১৯৭৮)। ভালবাসার জন্য কবি কি না করতে পারেন। ভালবেসে তিনি ধূলোতে নামতে পারেন। অর্থাৎধুলোরূপ কলঙ্ককেও গ্রহণ করতে পারেন। ৬৩ সংখ্যক কবিতা, চতুর্দশপদী কবিতাবলীতে তিনি নিজেই বলেছেন—

> 'ভালোবাসা পেলে সব লণ্ডভণ্ড করে চলো যাবো
> যে দিকে যায়-যেতে তার খুশি লাগে খুব।'

৯ সংখ্যক কবিতা, চতুর্দশপদী কবিতাবলীতে পাচ্ছি—'ভালোবাসা ছাড়া কোনো যোগ্যতাই নাই এ-দীনের'।

প্রেমকে কবি এত বিচিত্ররূপে এঁকেছেন তেমনটি খুব কম কবির মধ্যেই পাওয়া যায়। তাঁর প্রথম দিকের কাব্যগ্রন্থগুলিতে

মাহাত, সুব্রত : শক্তি চট্টোপাধ্যায়ের 'হে প্রেম হে নৈঃশব্দ্য' : কবির প্রেমচেতনার স্বরূপসন্ধান
Open Eyes : Indian Journal of Social Science, Literature, Commerce & Allied Areas, Volume 20, No. 1, June 2023, Pages : 24-30, ISSN 2249-4332

স্মৃতি বিজড়িত ভালবাসা, এক অনিবার্য বিচ্ছেদ বেদনায় ভারাক্রান্ত হয়ে ধরা পড়েছে। প্রথম কাব্যগ্রন্থ 'হে প্রেম হে নৈঃশব্দ্য' কাব্যগ্রন্থটিতেই দেখা যায় কৈশোর বেলাকার তথা বয়ঃসন্ধিকালের প্রেম, অতীতের স্মৃতিচারিতা, প্রেমিকাকে পেয়ে হারানোর বিষণ্ণতা, বিরহ-বেদনা, অভিমান ইত্যাদি। এই কাব্যগ্রন্থের 'খেলনা', 'প্রতিকৃতি', 'কারনেশন', 'তির্যক' ইত্যাদি কবিতায় অতীত প্রেম স্মৃতিরূপে এসেছে। 'খেলনা' কবিতায় কবি বাল্যকালের প্রেমকে স্মরণ করেছেন। বাল্যকালের মোহভরা ভালবাসাকে কবি ভুলতে পারেন নি। বাল্যকালে যে প্রিয়াকে ভালবেসেছিলেন তাকে আর ফিরেও পাওয়া যাবে না—'পাবো না কখনো তারে আর, একবার পেয়েছিনু যেন বাল্যে খুব দূরদেশে'। বাল্যকালের আনন্দপূর্ণ খেলাগুলোর মতোই বাল্যকালের প্রেমও মানুষের জীবন থেকে অনেক দূরে মুছে যায়। কবি বাল্যকালের সেই ভালোবাসাকে আর ফিরে পাবেন না—''আমি তো বসেই ছিনু, দিন গেছে পেয়েছি বিবিধ সখ্যতা, স্নেহাদ্র খেলনারা/আরো নানা প্রেম অপমান।'' প্রেমের সেই সঞ্জীবনী সুধাকে কবি নির্লিপ্ত প্রয়াসে ফিরে পেতে চান। আসক্তিতে জড়িয়ে পড়লেই বুঝি যন্ত্রণার শেষ নেই। সেই স্নেহপূর্ণ খেলনাগুলোর ভেঙে যাওয়া অন্যদিকে হৃদয়বীণায় বিচ্ছেদের যে সুর বাজে তাকেই কবি অনুভব করেছেন। বাল্যকালের প্রেমের স্মৃতিচিত্রণ কবির প্রেমচেতনার অন্যতম মুখ্য উপাদান। স্মৃতি যে মানবের মনে সবসময় সুন্দর অনুভূতির জন্ম দেয় তা নয়, অনেক দুঃখজনক অনুভূতিরও জন্ম দিয়ে থাকে—''গভীর অছন্দে এই প্রেম সব, স্পন্দন পরম সব; বাল্য, মনে হয় তুমি/ কেড়ে নিলে খেলনা মরে যাবো।'' বাল্যকালের প্রেমের স্মৃতির মধ্যে রয়েছে কল্পনাপ্রবণতা এবং মোহময় আবেগচঞ্চলতা। অনেক আশা, আকাঙ্খা এবং স্বপ্নের ভাঙনও ঘটে থাকে—''অপেক্ষার বিশাল বিফল দুঃখ তার বুকে ভেসে।'' অনুভূতির গভীর সায়রে সুখ-দুঃখ ও আনন্দের মিশ্র অনুভূতি। বালকবেলার খেলা একদিন ভেঙে যায়। অতীত প্রিয়াকে কাছে পাওয়ার আকাঙক্ষা কবির মনে নিদারুণ অনুরাগের জন্ম দেয়—''চাই পেতে তারে এমনি খেলায়।'' আবার কবি যখন লেখেন—'এ জীবনী পরানভ্রমর' তখন স্মৃতির মধ্যে থাকে কবির অনুসন্ধান প্রবৃত্তি। জীবনের বহুবিচিত্র গতিপথে অতীতের প্রিয়াকে অনুসন্ধানের উদ্দীপনা পরিলক্ষিত হয়। কবি বাল্যকাল তথা কৈশোর বা বয়ঃসন্ধি সময়ের প্রেমকে কোনদিন ভুলে যেতে পারেন নি। কবির নিজের লেখায়—

> ''আমার ধারাবাহিক পদ্যের মধ্যে একটি মুখ বা মুখশ্রী হুট বলতে চলে আসে, কোনরকম প্রস্তুতি ছাড়াই—হয়ত বিশ বছর বাদে, হয়ত ঝুলবারান্দায় কোনো, হইত বইমেলায় একাকী—সেই মুখটি যেন ছবিটি—আমার প্রথম কৈশোরের প্রেম বিষয়ে চিন্ময়ী ধারণা।''[২]

বাল্যকালের প্রেমের প্রসঙ্গ কবির রচনায় বারংবার উঠে এসেছে। আবার 'প্রতিকৃতি' কবিতায় স্মৃতিমেদুরতার সঙ্গে সম্পৃক্ত হয়ে আছে এক ধরনের অশ্রুসজল অনুভূতি। প্রিয়াকে হারানোর দুঃখ। প্রেমে বিচ্ছেদজনিত বিরহ। অবশ্য শক্তি চট্টোপাধ্যায়ের প্রেমের কবিতাগুলোতে বিরহ বলতে প্রেমে বিচ্ছেদজনিত বিরহের কথায় বেশি করে উঠে এসেছে। কবি তাঁর নিজস্ব আন্তরিক অনুভূতি ও কল্পনায় প্রেয়সীর রূপচিত্রকে অঙ্কন করেছেন। কবিও জানেন পুনরায় প্রিয়ার সাথে মিলন অসম্ভব। কবি লিখেছেন—

> হে বিষণ্ণ মর্মরের ফোঁটা যেন নীরবে সাজানো
> দেবতা, সুদূর স্মৃতি; প্রতিমা কি প্রচ্ছায়া তোমার।

'তির্যক' কবিতাতে এসেছে পুরনো চিঠির স্মৃতি—'সব রাখা যায়, সব থাকে/শীতল কৌটোর মধ্যে পুরোনো চিঠির পাকে পারে/ তোমার আদর স্পর্শ।' স্মৃতির সংগ্রহশালায় বিভিন্ন উপাদান অতীতের স্মৃতিরূপে এসেছে। পুরনো চিঠি ছাড়াও এসেছে পুরনো খাতার প্রসঙ্গ, কখনো অতীতে গাওয়া গান, কখনো চাবি বা রুমাল ইত্যাদি। 'চিত্রশিল্পী অনন্তকাল' কবিতায় কবি লিখেছেন—

যে গানগুলি তোমায় একা শুনিয়েছিলাম, প্রাচীনবয়স উভয়ত
আকস্মিক মুহূর্তের দেখা, ভিন্ন স্মরাট চাইবে জীর্ণ ছবি আঁকার
পুরোনো খাতাখানি। কেলসিত আনন্দ গান;
সমস্ত কি ভুলেই গেলাম স্রোতাবর্তে প্রেমিক মুখচ্ছবি।।

বিভিন্ন স্মৃতিচিত্রের মধ্যে দিয়ে কবি নিজের প্রেমিক সত্ত্বাটিকেই উজ্জ্বল করে রাখতে চেয়েছেন। গান বা চিত্র—এগুলো মানুষের শৈল্পিক চেতনাকে বহুলাংশে সমৃদ্ধ করে। কবিতাটিতে স্মৃতিরূপে এসেছে ছবি আঁকার পুরনো খাতা কিম্বা পুরনো গানগুলোর কথা যেগুলো কবি তাঁর প্রিয়াকে শুনিয়েছিলেন। 'কেলাসিত' শব্দটি কবির কাছে খুব প্রিয় ছিল। এই শব্দটি অনুসারেই কবি একসময় এই কাব্যগ্রন্থটির নাম 'কেলাসিত স্ফটিক' রাখতে চেয়েছিলেন। অবশ্য পরে তিনি এই নামকরণের পরিবর্তন করেন। 'ধর্মে আছো জিরাফেও আছে' কাব্যগ্রন্থের 'চাবি', 'সেই ফেলে-আসা রুমাল' ইত্যাদি কবিতাও এই প্রসঙ্গে উল্লেখযোগ্য। 'চাবি' কবিতাটিতে কবি লিখেছেন—

আমার কাছে এখনো পড়ে আছে
তোমার প্রিয় হারিয়ে-যাওয়া চাবি
কেমন করে তোরঙ্গ আজ খোলো?

কিম্বা 'সেই ফেলে-আসা রুমাল' কবিতাটিতে এসেছে রুমালের স্মৃতি—

তোমার হৃদয় আরো জানে
বেড়াবার ছলে সেই ফেলে-আসা রুমালের মানে

কবি শক্তি চট্টোপাধ্যায়ের প্রেমচেতনায় বিরহ বা বিচ্ছেদের প্রসঙ্গ একটি অন্যতম মুখ্য উপাদান। কবি তাঁর মনের ভেতরে প্রিয়ার অশ্রু-ঝলমলো মুখকে স্মরণে রাখেন। আবার কবি নিজের হৃদয় বেদনাকেও প্রকাশ করেছেন তাঁর কবিতায়। 'শৈশব স্মৃতি' কবিতাটিতেও রয়েছে অতীত প্রেমের দুঃখজনক স্মৃতি—

কে পশ্চাতে বেদনার গান গাও, নিন্দিত পৌঢ়তা
প্লাবন, ভাসিয়েছিলে বিহ্বল যৌবন কোনোদিন
কে স্মৃতি নীলাভ শ্যাওলা ডোবা বাড়ি দুঃখী মুখচ্ছবি মনে রাখে।।

'দুঃখের আঁধার রাতে' কবিতাটিতে—

বুকের নীচে মৃদু দুলছে শোকার্ত দিন শোকার্ত রাত
পোড়োবাড়ির মতন নীরব শোনা যায় না শোনা যায় না

কবির বিরহীজীবনের বার্তা কেউ হয়তো পায় না। নিজের নীরবতাপূর্ণ বেদনাকে কবি পোড়োবাড়ির সঙ্গে তুলনা করেছেন। 'সুনিভৃত, সুনিভৃত', 'ভ্রান্তি', 'সংলগ্ন', 'আড়াল' ইত্যাদি কবিতাতেও এসেছে বিরহ বিচ্ছেদের প্রসঙ্গ।

শক্তি চট্টোপাধ্যায়ের প্রেমচেতনায় মিলনের আনন্দের চেয়ে বিষাদের বিরহ বেদনায় বেশি করে স্থান পেয়েছে। কৈশোর বেলাকার তথা বয়ঃসন্ধি সময়ের প্রেম স্মৃতিরূপে বহুবর্ণময় হয়ে ফুটে উঠেছে। একতরফা প্রেমের বেদনা ও স্বগতোক্তিমূলক আত্মজিজ্ঞাসায় পরিপূর্ণ সেই কবিতাগুলো। জনৈক সমালোচক বলেছেন—

> ''শক্তির প্রথম দিকের প্রায় সব প্রেমের কবিতাই একপাক্ষিক, পারস্পরিক সম বিনিময়ের নয়; প্রাপ্তির নয়, হারানোর; পরিপূর্ণতার নয়, বেদনার। বয়ঃসন্ধিকালের স্মৃতি ও তার বিষাদের স্বগত জিজ্ঞাসায় পরিকীর্ণ।''[৩]

কখনো কখনো প্রিয়ার প্রতি কবির অভিমান ধরা পড়েছে। যেমন, 'পরস্ত্রী' কবিতায়—

'যাবো না আর ঘরের মধ্যে অই কপালে কী পরেছো
যাবো না আর ঘরে'

কিংবা 'আলেখ্য' কবিতায়—

'ফুল দিলাম নাই বা নিলে অভিমানের চিহ্ন দিলাম নাও।'

প্রেমের আরক্ত অনুরাগ যেমন তাঁর কবিতার অন্যতম বৈশিষ্ট্য তেমনি রয়েছে অভিমান।

ভালবাসাকে নিয়ে কবি অনেক কথা বললেও তিনি জানেন যে ভালবাসা চিরদিন থাকে না। ভালবাসা ক্ষণকালের জন্যই আসে। ভালবাসার গান একদিন থেমে যায়—'এমন করে ফুরিয়ে যায় সবার ভালোবাসার গান/ফুরিয়ে যায় ফোটা ফুলের কালো চুলের ঘন সুবাস।' কবি উপলব্ধি করেন 'অতীত, অপ্রাপ্য' এবং প্রেম 'তাৎক্ষণিক'। তাই অতীত প্রেমের দুঃখজনক স্মৃতিগুলিকে ভুলতে চেয়েছেন। কবি নিজেই নিজেকে স্বগতোক্তির ভঙ্গিতে বলেছেন—

'ভুলে যাও সে হারানো গান, চিরকাল কেউ দুঃখ পায় না।' (দুঃখের আঁধার রাতে)

কিন্তু কবির কাছ থেকে তাঁর প্রিয়া হারিয়ে গেলেও প্রিয়াকে তিনি উপলব্ধি করেন স্মৃতিতে। সেই স্মৃতিই হয়তো কবির কাছে সান্ত্বনা হয়ে দাঁড়ায়। দুঃখে, বেদনায় আতুর হয়েও কবি বলেন—

'দুঃখের মুকুর তুমি, অন্ধকারে আমার সান্ত্বনা।' (প্রতিকৃতি)

কামনা বাসনার উদগ্র নেশা শক্তি চট্টোপাধ্যায়ের কাব্যে বেশি দেখা যায় না। কবি নিজেই বলেছেন—

'নাতি-উষ্ণ কামনার রশ্মি তব লাক্ষারসে আর
ভরো না, কুড়াও হাতে সামুদ্রিক আঁচলের সীমা।'

তবে বেশ কিছু কবিতায় দেহজ প্রেম, কামনা-বাসনার প্রত্যক্ষরূপ ধরা পড়েছে। তাঁর এই ধরণের কবিতাগুলোর মধ্যে উল্লেখযোগ্য হল 'জন্ম এবং পুরুষ', 'হে গান হে নৈঋত', 'দ্বিধাহীন', 'স্বকৃত আলেখ্য' ইত্যাদি। 'জন্ম এবং পুরুষ' কবিতায় কবি লিখেছেন—

'যোনির মাঢ়ির খিল হাট করা, বেহায়া পাংশুতা
পুচ্ছ গোল নীল পুচ্ছ .... হাহাকার কি মুখে তাকাও।'

'হে গান হে নৈঋত' কবিতায় কবি লিখেছেন—

'স্নান করা সারারাত, তোরণের শীর্ষবিন্দু জবা
লেহন-চুম্বন-যুদ্ধে এসো, যারা গ্রীষ্মে পুড়েছিল।'

'দ্বিধাহীন' কবিতায়—

'আমরা তো বৃদ্ধ নই, তুচ্ছ দান বিক্ষুব্ধ সাগরে?
প্রতি দাঁতে কুমারীর অজস্র অধর দিতে হবে।'

আবার বৃক্ষের প্রতিটি গ্রন্থে কবিতায়—

'পরিণত স্ফূর্তি কামনায় হতে পারে/দূরত্ব মানি না আমি।' বৃক্ষের প্রতিটি গ্রন্থে

বোদলেয়ারীয় ভাব ও ভাষা প্রকৃতির প্রভাব অল্প হলেও শক্তি চট্টোপাধ্যায়ের এই ধরণের রচনাগুলিতে পড়েছে। বুদ্ধদেব বসু কৃত বোদলেয়ারের অনুবাদ কিছুটা হলেও প্রভাবিত করেছে। কাব্যটির উৎসর্গপত্রেও লেখা হয়েছে, 'প্রিয়তমা সুন্দরীতমারে যে আমার উজ্জ্বল উদ্ধার।' পঙ্‌ক্তিটি বুদ্ধদেব বসুর বোদলেয়ারের অনুবাদ থেকে গৃহীত। জনৈক সমালোচকের মতে—

> ''বোদলেয়ারের কবিতার সেই নিষিদ্ধ, নারকী সৌন্দর্যের প্রিয়তমা, কামনার সেই দহন-সংবেগ শক্তির প্রেম ও নৈঃশব্দ্যের রোমান্টিক স্মৃতি মেদুরতার মধ্যে বিক্ষিপ্তভাবে সঞ্চার করেছিলো মর্বিডিটি ও জুগুপ্সার কিছু কিছু চোরাস্রোত।''[৪]

প্রকৃতির প্রতি কবি শক্তি চট্টোপাধ্যায়ের আন্তরিক আকর্ষণ। তাঁর নিজের জীবনের সুখ-দুঃখ, বিরহ-বেদনা পরিব্যাপ্ত হয়ে আছে প্রকৃতির মধ্যে। তিনি যে নারীর কথা বলেছেন, সেই নারী এবং প্রকৃতি কখনো একত্র মিশে থাকে তাঁর কবিতায়। সমালোচকের ভাষায়—

> ''প্রকৃতি ও নারীর যুগল বন্ধন তাঁকে যে নতুন অভিজ্ঞতা দিয়েছিল, তাতে তাঁর জীবন বদলে গেছে আরো এক অনির্দেশ হঠকারী এবং উদ্‌ভ্রান্ত বিষণ্ণতায়।''[৫]

ছোট বেলাটা তাঁর কেটেছিল প্রকৃতির কোলেই বহড়ু গ্রামে। প্রকৃতির টানেই তিনি পাহাড়ে-জঙ্গলে নদীতে ভ্রমণ করে বেড়াতেন। সেই ভ্রাম্যমান জীবনের অভিজ্ঞতা তাঁর প্রেমের কবিতাগুলিকে আলাদা মাত্রা দিয়েছে। 'নিমন্ত্রণ' কবিতায়—

> তুমি যেমন, অপার জ্যোৎস্না ঝরিয়ে যেতে পারো!
> চারিদিকের ক্ষেত-খামার ঝর্ণা হয়ে যায়

কবির তীব্র একাকীত্বের ভাব প্রকৃতির মধ্যে ব্যাপ্ত হয়ে যেতে দেখা যায় 'পাখি' কবিতায়—

> আর কেউ পাশে নেই, বৃষ্টি নেই, হাওয়া নেই ঘরে
> ভালোবাসা নেই তার, সমুদ্রগ্রীবার থেকে মালা ঝরে ঝরে

'অন্ধকার শালবন' কবিতায়—

> কোথা বসে ছিলে? যাবার সময় দেখেছি শুধুই
> ঝরেছে পাতার শিখর গলানো কার রাঙা চুল।

'ঝর্ণা' কবিতায় ঝর্ণার প্রতীকে কবি নারীকে অঙ্কন করেছেন। ঝর্ণা একজন ছলনাময়ী নারীর রূপ পেয়েছে এখানে—

> মুছে যাবে তার নুপূরে, নৃত্যে, শুধু জল টানে পিপাসু ভ্রান্তে
> ও ঝর্ণা ওগো ঝর্ণা তাহাকে ভালোবাসবে কি ভালোবাসবে কি।।

নদী, পাহাড়, জঙ্গল, ঝর্ণা ইত্যাদির প্রসঙ্গ কবির প্রত্যক্ষ অভিজ্ঞতা থেকেই এসেছিল। সিংভূম সদর চাইবাসা, হেসাডি এবং সেখানকার প্রাকৃতিক পরিবেশের সৌন্দর্য কবিতাতে ছায়া ফেলেছে। শক্তি চট্টোপাধ্যায়ের নিজের কথায়—

> ''সিংভূম সদর চাইবাসা এবং তার আশে পাশে ঘুরে বেড়ানোর গপ্পো এত রকম ভাবে লেখা হয়েছে যে আর একবার শুধু ছুঁয়ে যাওয়া যেতে পারে। প্রথমবার তো একটানা তিনমাস বাংলো থেকে বাংলোয় ঘুরে বেড়িয়েছি। বিহারে মাছের দফতরে আমাদের বন্ধু সমীর রায়চৌধুরী ছিল। নিমডিতে টিলার উপর ওর বাসা। পুরনো ভাটিখানা। সেই বাসায় মাসের পর মাস থেকে কত যে পদ্য লিখেছি তার সীমাসংখ্যা নেই। 'হে প্রেম হে নৈঃশব্দ্য'-এর প্রায় সবগুলি লেখা এবং 'ধর্মে আছো'র অধিকাংশই সিংভূমের জঙ্গল কেন্দ্র করে।''[৬]

কবির প্রেমচেতনার সঙ্গে মিশে রয়েছে ভ্রাম্যমাণ জীবনের অভিজ্ঞতা ও মুহূর্তের নানান পরিচয়। 'হে প্রেম হে নৈঃশব্দ্য' কাব্যগ্রন্থের পরবর্তী কাব্যগ্রন্থগুলোতেও তা লক্ষ্য করা যাবে। শক্তি চট্টোপাধ্যায়ের বহেমিয়ান জীবনে প্রেম এসেছে নানান চিত্র নিয়ে। কবির প্রেমচেতনার সঙ্গে সম্পৃক্ত হয়ে থাকে এক ভ্রমণ পিপাসু মন। প্রিয়ার হাত স্পর্শ করে কবির দেশ বিদেশে ভ্রমণের কথা মনে পড়ে যায়। বাগানে কি ধরেছিলেন হাত? ধর্মে আছো জিরাফেও আছো-তে কবি

লিখেছেন—

তোমার হাতের মাঝে আছে পর্যটন—
একথা কি খুশি করে মন?
একথা কি দেশ ঘুরে আসে
স্মরণীয় বসন্ত বাতাসে!

শ্রাবণ রাতে প্রিয়াকে দেখা আবার কখনো কোন নির্জন পথ কবিকে তাঁর প্রিয়ার কাছে নিয়ে যায়। আবার কখনো গ্রাম কিম্বা পর্বতের প্রাকৃতিক সৌন্দর্যে প্রিয়াকে ডেকে আনতে চেয়েছেন। এই গ্রাম পর্বতে কবিতায় আছে—

এই গ্রাম পর্বতে বাঁধানো
এখানে তাহাকে ডেকে আনো।

'হে প্রেম হে নৈঃশব্দ্য' কাব্যগ্রন্থের 'হেমন্তে' কবিতাটিতে আছে হেমন্ত ঋতুর প্রসঙ্গ। যে হেমন্ত ঋতু মানব জীবনের বার্ধক্যের প্রতীক। হেমন্ত এসে কবির জীবনের প্রেমকেও ছিনিয়ে নিয়ে গেছে। কবি জানালার কাছে চোখ রেখে 'রূপের অসুখ মাঝে বেদনার দুঃখের মাধুরী'কে উপলব্ধি করেছেন। হেমন্তে, হে প্রেম হে নৈঃশব্দ্য-তে হেমন্ত সম্পর্কে কবি লিখেছেন—

'আমি বহুদিন হল বসে আছি, হেমন্তের ব্যাধি
আমারে দিয়েছে মৃত পরাগের বিলীন সম্পদ,
ক্ষয়ের অমরাবতী, শুধু ঝরা, ব্যর্থ ধ্বনিপাত—'

যদিও কবি জানেন অতীত আজ অপ্রাপ্য। তবু বলেছেন—

তাই তুমি প্রেম পূর্ণের রচনা
আত্মশিল্পে;

'নিবিড় ভালোবাসার দিনগুলো' কবিতায় ভালবাসাপূর্ণ অতীতের স্মৃতিগুলি প্রিয়ার কাছে তুলে ধরতে চেয়েছেন এবং বলেছেন—

পাহাড় তাকে ডাকছে তাকে নদীর মতন সাপটে ধরছে বুকে।

শক্তি চট্টোপাধ্যায়ের কবিতায় লিরিক্যাল মেজাজ এবং বাস্তব অবাস্তবের আলোছায়ায় অন্যতর এক জগতের রহস্যময়তার সন্ধান পাওয়া যায়। পরাবাস্তববাদীদের মত এক অন্যতর বাস্তবতার সৃষ্টি, যা তার কবিতাকে আরো সমৃদ্ধ করেছে। যেমন, 'অন্ধকার শালবন', 'পাবো প্রেম কান পেতে রেখে', 'ছায়ামারীচের বনে' ইত্যাদি কবিতায় তা লক্ষ্য করা যায়। 'ছায়ামারীচের বনে' কবিতাটিতে কবি লিখেছেন—

হৃদয়ে আমার গন্ধের মৃদুভার
তুমি নিয়ে চলো ছায়ামারীচের বনে
স্থির গাছ আর বিনীত আকাশ গাঢ়
সহিতে পারি না, হে সখি, অচল মনে।

কবি ছায়ামারীচের বনে সখির সঙ্গে যেতে চেয়েছেন। হৃদয়ে গভীর শোকের ভার বহন করে চলেছেন কবি।

ভালবাসার স্মৃতি এবং ভালবাসাকে কবি ভুলতে চেয়েও ভুলতে পারেন নি। নগর জীবনের শুষ্কতায় কবি ভালবাসার অনুসন্ধান করেছেন একটি হৃদয় ছেড়ে আর একটি হৃদয়ে। যে কারণে 'কখনো বুকের মাঝে ওঠে গ্রীস' কবিতায় বলতে

পারেন—

'অতিশয় প্রেম নানাদিকে যায় পথিকের।'

এই পঙ্‌ক্তিটিরই পুনরুক্তি শোনা যায় 'অনন্ত নক্ষত্রবীথি তুমি, অন্ধকারে' কাব্যে যখন কবি বলেন—

'প্রতি ঘরে ঘরে যেতে ইচ্ছে করে পিওনের মতো প্রতিটি বুকের কাছে।'

ভালোবাসার কোন নাম নেই, কোন রূপ নেই। তেমন ভালোবাসা মানুষের আন্তরিক অনুভূতিকে আলোড়িত করে। ভালোবাসার সমুদ্রে অবগাহন করে হৃদয় কখনো জরায় বিদ্ধ হয়, কখনো নীলিমার অসীম সন্দৌর্যে স্মিত হাসির মতোই সুধা পরায়ণ সেই ভালোবাসা। কবির কাব্যে প্রেমের দুটি রূপেই প্রকটিত-বিষ ও অমৃত। সমুদ্র মন্থনকালে শুধু অমৃত ওঠেনি, বিষের করালগ্রাসও পৃথিবীকে গ্রাস করতে চেয়েছিল। মানব জীবনে প্রেমের ক্ষেত্রেও সেই দুটি রূপ উদ্ভাসিত। প্রেমকে যখন শুধুমাত্র শারীরিক চাওয়া পাওয়ার নিরিখে দেখা হয় তখনই যত জটিলতা, বিকৃতি ও নিষ্ঠাভঙ্গ। রবীন্দ্রনাথ লিখেছিলেন—

'আকাঙ্ক্ষার ধন নহে আত্মা মানবের।'

আধুনিক কবিদের প্রেমে শারীরিক এবং আত্মিক প্রেম দুটো রূপেই ফুটে উঠেছে।

'হে প্রেম হে নৈঃশব্দ্য' কাব্যে কবি নিজের ব্যক্তিগত ব্যথা বেদনাকে ফুটিয়ে তুলেছেন। বলা যেতে পারে, এই কাব্যটিতে কবির অতীত প্রেমের স্মৃতি চিত্রিত হয়েছে। একই সঙ্গে প্রকাশ পেয়েছে তাঁর নিজের জীবন অভিজ্ঞতা, নিবিড় অনুভব ও উপলব্ধি। কবির প্রেমচেতনার সঙ্গে মিশে আছে প্রকৃতি চেতনাও। 'উনবিংশ ষাট সালে' হৃদয় যখন 'আমিষ দষ্ট, রক্ত নষ্ট' তখন কবি ভালবাসার কথা বললেন। ভালবাসা কবিকে দেয় নতুন জীবনানুভব। স্বার্থপর, ব্যক্তিকেন্দ্রিক, নগরজীবনের কঠোরতা থেকে মুক্তি চেয়ে কবির চেতনা উড়ে যেতে যায় প্রিয়ার শান্ত মুখশ্রীর কাছে—

'আমারও চেতনা চায় উড়ে যেতে তোমার শান্তির
মুখশ্রী যেখানে ভালো।'

তথ্যসূত্র :

১. শঙ্খ ঘোষ, এই শহরের রাখাল, শক্তি চট্টোপাধ্যায়ের পদ্যসমগ্র-৭, আনন্দ পাবলিশার্স, কলকাতা, প্রথম সংস্করণ : জানুয়ারি ২০০০।
২. শক্তি চট্টোপাধ্যায়ের গদ্য সংগ্রহ (৪র্থ খণ্ড), দে'জ পাবলিশিং, কলকাতা, নভেম্বর ১৯৯৭, পৃষ্ঠা ৩৮৩।
৩. কুন্তল চট্টোপাধ্যায়, মৃত্যুর পরেও যেন হেঁটে যেতে পারি, রত্নাবলী, কলকাতা, ১৯৯৮, পৃষ্ঠা ২৩।
৪. তদেব, পৃষ্ঠা ২৫।
৫. শক্তি চট্টোপাধ্যায়ের গদ্য সংগ্রহ (৪র্থ খণ্ড), দে'জ পাবলিশিং, কলকাতা, নভেম্বর ১৯৯৭, পৃষ্ঠা ১২।
৬. জঙ্গলে পাহাড়ে, শক্তি চট্টোপাধ্যায়ের গদ্যসংগ্রহ (৩য় খণ্ড), দে'জ পাবলিশিং, কলকাতা, পৃষ্ঠা ৪৬৮।

সুব্রত মাহাত,
গবেষক, বাংলা বিভাগ,
রাঁচি বিশ্ববিদ্যালয়, ঝাড়খণ্ড

The Subjection of Land and Indigenous People : Revisiting Linda Hogan's *Mean Spirit* from the Perspective of Ecocriticism

Bapin Mallick

Abstract

The present global scenario is characterised by environmental catastrophes caused by human-induced climate change and ecological degradation. Within this context, the dualistic frameworks of culture/nature, human/nature, and mind/body contribute significantly to the prioritisation of human interests over those of the non-human natural world. The Renaissance ideal of the human establishes a hierarchical structure based on the concept of self-fashioning, which requires the subjection of various others, including those defined by race, sexuality, nature, and technology. The present juncture calls for a rigorous revaluation of the traditional understanding of the "human" in response to the post-Covid-19 period, which is marked by the imminent ecological crisis. Ecocriticism has emerged as a critical response to the agency of humans in the wake of the ascendancy of Cartesian philosophy. Throughout history, humanity has been engaged in a relentless pursuit of increasing material goods in order to satisfy their materialistic desires by creating a division between nature and culture. In this context, the present paper tries to revisit Linda Hogan's *Mean Spirit* (1990) in the light of ecocriticism to dismantle the notion of human supremacy with a view to providing an alternative perspective to the existing view of environmentalism, which is characterised by the notion of anthropocentrism.

Keywords: Anthropocentrism, Ecocriticism, Agency, Other, Linda Hogan

The field of literary studies has traditionally focused on historical and cultural perspectives. In recent years, there has been a growing recognition among critics regard ing the interconnection between literature and nature. The interconnectedness between nature and literature has long been seen throughout various civilizations across time, as demonstrated by the powerful articulations of various writers. Currently, there is a growing recognition and emphasis on the interconnectedness of the natural and social realms across several academic disciplines. Literary critics endeavour to examine the textual representation of the intricate interplay between nature and society as shown by writers in their literary compositions. In this context, it is pertinent to understand the basic principles of ecocriticism with a view to exploring the representation of environmental issues in literature. First, let us examine the definitions provided by prominent thinkers of this domain. Subsequently, we will be able to discern the ramifications and extent

Mallick, Bapin : The Subjection of Land and Indigenous People : Revisiting Linda Hogan's *Mean Spirit* from the Perspective of Ecocriticism
Open Eyes : Indian Journal of Social Science, Literature, Commerce & Allied Areas, Volume 20, No. 1, June 2023, Pages : 31-40, ISSN 2249-4332

of this theoretical discourse.

John Loretta delves extensively into the etymology of the term "Ecocriticism" and elucidates that the term"eco" derived from the Greek root "oikos", signifies "house" in its original context.Similar to how "economy" refers to the governance or principles of managing a household, "ecology" pertains to the examination and analysis of the household. Ecocriticism, in essence, refers to the critical analysis of the natural environment as portrayed in literary works.In this context, it is pertinent to mention that the book *The Ecocriticism Reader: Landmark in Literary Ecology* (1996) edited by Cheryl Glotfelty and Harold Fromm, is a significant contribution to the field of ecocriticism. This literary work comprises a well curated compilation of essays that delve into the ecological perspective within the field of literary studies.In her scholarly work, Glotfelty provides a definition of Ecocriticism. Glotfelty argues, "Ecocriticism is the study of therelationship between literature and the physical environment" (Glotfeltyxvii). Explaining the definition, she further writes, "Just as feminist criticism examines and brings an awareness of modes of production and economic class to itsreading text, Ecocriticism takes an earth-centred approach to literary studies"(viii). In order to facilitate the process for practitioners of this theory, they provide a set of inquiries that may be employed to conduct an ecocritical study of a given text. These inquiries are outlined as follows :

> How is nature represented in this sonnet? What role dose the physical settings pay in the plot of this novel ? Are the values expressed in this play consistent with ecological wisdom ? How do our metaphor of land influence the way we treat it ? How can we characterize nature writing as a genre? In addition to race class and gender should place become a new critical category? Does man write about nature differently than women do? In What ways and to what ways effect is the environment crisis seeping into contemporary literature and popular culture? What bearing might the science of ecology have on literary studies? How is science itself open to Literary analysis? What cross-fertilization is possible between literary studies and environmental discourse in related disciplines such as history, philosophy, psychology, art, history and ethics? (xix)

These inquiries elucidate the framework of the ecocritical approach, which suggests a comprehensive scope of ecological investigation. In order to provide a more comprehensive understanding and broaden the range of analysis within the field of ecocriticism, Glotfelty offers a more detailed analysis of this discourse. In this context, she argues, "Nature per se is not only the focus of ecocritical studies. Other topic includes the frontier, animals, cities, specific geographical regions, rivers, mountains, deserts, indians, technology garbage and the body"(xix). In addition, Glotfelty says, "Ecocriticism has one foot in literature and the other on land, it is a critical and theoretical discourse that negotiates between the human and the non-human"(230). In his essay "Literature and Ecology : An Experiment in Ecocriticism", William Rueckert provides a definition of ecocriticism as the application of ecological principles and concepts in the analysis of literary works. Rueckert argues that ecology, as a scientific

discipline and the foundation for human perception, holds significant relevance for both the current and future state of the world (105-23). This analysis explores the potential connections between literature and the physical world within the framework of ecological principles. Hence, it may be said that Rueckert incorporated the principles of ecology into the application of literary criticism. Ecocriticism emerges as a discipline that presents the potential for blending literary and natural science in a distinctive manner with a view to offering an alternative discourse for addressing the ecological crisis of contemporary society.

In his article, "Some Principles of Ecocriticism", William Howarth elucidates the concept by delving into its etymological origins. The terms "eco" and "critic" have their origins in the Greek words "oikos" and "kritis", respectively. When combined, these words collectively signify "house judge". According to Howarth, an ecocritic is an individual who evaluates the strengths and weaknesses of literary works that portray the impact of culture on the environment with the intention of appreciating nature, criticising those who harm it, and advocating for environmental restoration by dismantling the boundary between nature and culture. According to him, the concept of "Oikos" represents nature, which is considered to be our expansive dwelling. On the other hand, the term "kritis" refers to an individual who acts as a judge of aesthetic preferences and strives to maintain the household in a well-organized manner. This individual disapproves of any items, such as boots or dishes, being scattered around, as they would disrupt the original decorative arrangement of the house(Howarth 69-87). Howarth advocates for the adoption of a comprehensive approach within the field of Ecocriticism. He has engaged himself in literary analysis by considering two aspects: the concept of being spoiled and the role of being a spoiler of the environment. Furthermore, they advocate for political measures to address and enhance this situation.

According to Lawrence Buell, Ecocriticism is alternatively referred to as "environmental criticism", and its primary objective is to examine the ecological aspects of literature with a genuine sense of environmental awareness. In his succinct explanation, he provides a concise definition of Ecocriticism as "the examination of the interconnection between literature and the environment, approached with a dedicated commitment to environmental praxis" (Buell 430). According to Buell, ecocriticism has the potential to make a substantial contribution towards comprehending environmental issues and the diverse manifestations of ecological degradation that affect all forms of life in the biosphere. In his scholarly paper titled "Literature and Environment", Buell asserts, "Ecocriticism concurs with other branches of the environmental humanities-ethics, history, religious studies, anthropology, humanistic geography-in holding that environmental phenomena must be comprehended, and that today's burgeoning array of environmental concern must be addressed qualitatively as well as quantitatively" (Buell 418). According to Buell, creative thinking is essential in understanding and addressing the potential impacts of environmental factors and the forces that pose harm to ecosystems. Buell expands the purview of ecocriticism by incorporating other disciplines to examine contemporary ecological issues. In this context, Jonathan Bate rightly argues :

> A central question in environmental ethics is whether to regard human kind as part of nature or apart from nature. It is the task of literary Ecocriticism to address a local version of that question. What is the place of creative imagining and writing in the complex set of relationships between human kind and environment, between mind and word between thinking being and dwelling? (Bate 8)

The notion of place has consistently been a focal point in the realms of literary and environmental studies. There exists a profound interconnection between the existence of human beings and the surrounding physical world. Numerous proponents of ecocriticism assert that it constitutes a unique and noteworthy contribution to the prevailing areas of scholarly inquiry pertaining to race, class, and gender. Ecocriticism, often known as ecological or environmental literary criticism, is a term used to refer to the field of study that examines the relationship between literature and the natural environment. Kroeber highlights the role of literary ecocriticism in bridging the gap between humanism and science. He refers to the Romantic poets as "proto-ecological" due to their recognition of the existence of a natural environment beyond one's individual psyche (Kroeber 19). According to Kroeber, ecological literary criticism focuses on the examination of the ecological and social concepts that are expressed in the literary works of the English Romantic poets.

In his work titled "Practical Ecocriticism : Literature, Biology, and Environment", Glen A. Love, an esteemed professor emeritus of English at the University of Oregon, presents a compelling argument. Love, who specialised in American literature and environmental literature during his tenure, effectively asserts,"Ecocriticism focuses on the inter connection between the material word and human culture specially the cultural artefacts, language and literature." (Love 196). In this context, Donelle argues :

> Ecocriticism or landscape criticism addresses issues concerning landscape and environment that have previously been overlooked. Afew example include how nature is represented, when it is represented,how the environmental crisis has influenced nature and the concept ofthe environments have evolved through the centuries.… Ecocriticism covers a broad range of issues indeed, involving all that which comprises our human interior and exterior contexts. An importantconviction of Ecocriticism is that we are interconnected with the worldaround us and studying how human affect and interact with the environment. (Dreese 4)

The novel *Mean Spirit* (1990) serves as a significant literary work that chronicles the period of Osage killings, therefore making it a noteworthy tale within the context of Osage history. Despite Hogan's identity as a Chickasaw writer, she demonstrates her dedication to pan-Indian perspectives in this novel. It is a mystery that explores the criminal narratives of the 1920s against the backdrop of the Oklahoma oil boom. The novel portrays individuals of Indian descent, mixed heritage, and white Americans, by constructing a distinctive cultural framework that highlights the connection of Native Americans with others outside their immediate community.

The central theme of *Mean Spirit* (1990) revolves around the anthropocentric world view of considering nonhumans as commodities for the exploitation of humans. This issue is closely associated with the Native American land ethic, which, for a considerable period of time, has been disregarded by Grace due to the dominant influence of white Americans. Significant challenges arise when an infertile tract of land undergoes a transformation and becomes an oil field. This factor contributes to her eventual detachment from the natural environment.

The novel explores the tale of the Osage people's forced relocation from their ancestral territory and subsequent settlement in Oklahoma. In this new environment, the Osage community deviates from their traditional practices by adopting the practice of dividing the land into private allotments, a departure from their previous communal land ownership system, which mirrors the practices of the white settlers. The Osage people's deep association with the land is characterised by a collective obligation rather than individual ownership. The discovery of oil in certain Osage communities in Oklahoma coincided with the development of the tribe's relationship with white Americans. Certain Osage women choose to abandon their customary practices and enter into matrimony with Caucasian males. In connection with the matrimonial experiences of Osage women, there exists a phenomenon of opportunism among white males who view marriage to a native woman possessing oil-rich territory as a strategic commercial enterprise. Nola succumbs to this situation, as she becomes allured, although only for a while, by the concept of participating in large-scale exploitation. The trajectory of her narrative encompasses a transition from an initial adherence to Native American principles of land stewardship to ultimately assuming ownership of territory endowed with substantial oil resources.

Hogan's literary work presents a perspective on Native American land ethics, which is further examined by Joni Adamson. The author demonstrates this phenomenon by illustrating the manner in which Nola and her fellow Native Americans disassociate themselves from the avarice associated with the exploitation of indigenous territories for oil extraction, therefore reinstating their innate and mutually beneficial connection with the land. The opening of *Mean Spirit* (1990) presents profound and prescient ecological significance. The narrative commences with Michael Horse making a prediction regarding a forthcoming period of two weeks characterised by a lack of precipitation throughout the summer season. This forecast serves to alert readers to an impending environmental catastrophe that Oklahoma subsequently experiences.

Hogan further portrays the Osage tribe's peaceful pastoral existence prior to the discovery of oil on their territory. Hogan provides a captivating depiction of the Osage community's existence amidst hilly terrain and agricultural fields. This event serves as a commemoration of the pastoral, a theme frequently emphasised in the field of ecocriticism. Hogan's portrayal of the Osages characterises them as indigenous people residing in hilly regions, with a particular emphasis on the depiction of the elderly matriarch, Belle Graycloud. Belle adorns herself with a meteorite pendant suspended on a leather necklace. It is a cherished family heirloom that

has been passed down through generations, originating from an ancestor named Osage Star-Looking. This individual had the unique privilege of seeing the descent of a meteor and subsequently gathering fragments of this celestial body. The emblem serves as a symbol that signifies the Osage people's reverence for the cosmos and its enigmatic nature.

Grace's family also possesses a lineage of environmental knowledge and wisdom. The mother possessed a revered status as a river prophet, demonstrating the ability to discern truth by attentively interpreting the messages conveyed by the river. Hogan writes, "Her mother, Lila Blanket, was a river prophet, which meant that she was a listener to the voice of water, a woman who interpreted the river's story for her people. A river never lied. Unlike humans, it had no need to distort the truth, and she heard the river's voice unfolding like its water across the earth"(5). Grace's tragic circumstance arises from her departure from traditional Indian cultural practises following the discovery of oil on her land. Oil symbolises the economic prosperity of the white population, contrasting with the ecological knowledge and wisdom passed down by their female ancestors, such as Belle Graycloud and Lila Blanket.

Lila expresses her desire for her daughter to have an understanding of the cultural norms and expectations of white Americans by being in close proximity to them, as she confides in Belle Graycloud. The author argues that it is important for her daughter, as a Native American, to acquire knowledge of American laws in order to critically analyse and identify any shortcomings within the legal system.The narrative demonstrates, "I need to send my daughter to live near town. We've got too far away from the Americans to know how their laws are cutting into our life"(6).The author also expresses apprehension regarding the construction of a dam in the estuary of the Blue River. Based on her astute understanding of environmental issues, she anticipates that this project will have detrimental consequences for various forms of life. Nevertheless, she succumbs to the allure of the town, as do her two other daughters, Molene and Sara. This represents a deviation from the indigenous cultural practices. Hogan argues, "The longer they were there, the more they liked Watona. And the more Lila visited them, the more she hated the shabby little town with its red stone buildings and flat roofs. It was a magnet of evil that attracted and held her good daughters" (7).

Meanwhile, plots of land are allocated to the indigenous population as per the provisions of the Dawes Act. Hogan further elucidates the deficiencies inherent in this legislation, ultimately resulting in the dispossession of indigenous populations from their land holdings. Furthermore, she sheds light on the government's misleading display of benevolence and highlights the incongruity between the new allotments and the land ethics upheld by the indigenous population. She writes :

> Those pieces of land were called allotments. They consisted of 160 acres a person to farm, sell, or use in any way they desired. The act that offered allotments to the Indians, the Dawes act seemed generous at first glance so only a very few people realized how much they were being tricked, since numerous tracks of unclaimed land became open property for white settlers, homesteaders, and ranchers. (8)

